# উল্লাস

## শেখানো- শেখার সামগ্রীর সংকলন

**উল্লাস- নব ভারত সাক্ষরতা কার্যসূচী**




রাজ্য সাক্ষরতা কেন্দ্র,রাজ্য শিক্ষা-গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, অসম

جان جان سکشیر

ਜਨ ਤਕ
ਸਾਖਰ

लोक
साक्षर अछि

জন জন

ଜନ ଜନ
ସାକ୍ଷରତା

ஜன் ஜன்
எழுத்தறிவு

সাক্ষৰ

జన జన
సాక్షర

ஜன் ஜன்
சக்ஷர்

लोक साक्षर
आहेत

جان جان سکشیر

# जन जन साक्षर

ਜਨ ਤਕ
ਸਾਖਰ

Jan Jan
Saakshar

ஜன் ஜன்
எழுத்தறிவு

जनाः
जनाः
साक्षराः

लोक साक्षर
आहेत

लोक
साक्षर अछि

ஜன் ஜன்
சக்ஷர்

જન જન
સાક્ષર

लोक साक्षर
आसात

**Ranoj Pegu**
**Minister**
Education, Tribal Affairs (P)

Block-I, (Old CM Block)
1st Floor, Janata Bhawan
Dispur, Guwahati-781006
Ph. No.: +91 99547-03825 (M)
0361-2237023 (O)
E-mail : ranojpegu@gmail.com

सत्यमेव जयते

It gives me immense pleasure to convey my warm greetings on the publication of the ULLAS (Understanding Lifelong Learning for All in Society) Compendium by the State Council of Educational Research and Training (SCERT), Assam.

ULLAS represents a transformative step in our collective effort to build a learning society-one where education is not confined to classrooms, age groups of social boundaries but becomes an empowering force for every citizen. I appreciate the sincere efforts of SCERT, Assam, for curating this compendium that captures innovative practices, field experiences, capacity-building initiatives and community driven interventions from across the state. Such documentation not only preserves valuable leaming's but also inspires educators, volunteers and institutions to continuously strengthen the culture of lifelong learning

May this compendium serve as a resourceful guide for all stakeholders involved in advancing literacy and learning at the grassroots level. I extend my best wishes to SCERT, Assam, and all partners who have contributed to this meaningful endeavour. Let us continue working together to ensure that every learner irrespective of age or background finds opportunities to learn, grow and participate fully in society.

(Dr. Ranoj Pegu)

جان جان سکشیر

ਜਨ ਤਕ
ਸਾਖਰ

लोक
साक्षर अछि

জন জন

ଜନ ଜନ
ସାକ୍ଷରତା

ஜன் ஜன்
எழுத்தறிவு

সাক্ষৰ

జన జన
సాక్షర

ஜன் ஜன்
சக்ஷர்

लोक साक्षर
आहेत

جان جان سکشیر

# जन जन साक्षर

ਜਨ ਤਕ
ਸਾਖਰ

Jan Jan
Saakshar

ஜன் ஜன்
எழுத்தறிவு

जनाः
जनाः
साक्षराः

लोक साक्षर
आहेत

लोक
साक्षर अछि

ஜன் ஜன்
சக்ஷர்

લોક સાક્ષર
આસાત

જન જન
સાક્ષર

# পাতনি

রাজ্য সাক্ষরতা অভিযান প্রাধিকরণ, অসমের দ্বারা আমাদের রাজ্যে রূপায়িত "উল্লাস" শীর্ষক সর্বভারতীয় সাক্ষরতা কার্যসূচীর এক বিদ্যায়তনিক অংশীদার হলো রাজ্য সাক্ষরতা কেন্দ্র, অসম। রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদের দ্বারা প্রতিস্থাপিত এই সাক্ষরতা কেন্দ্রের মাধ্যমে "উল্লাস" কার্যসূচীর জন্যে প্রয়োজনীয় বিদ্যায়তনিক প্রশিক্ষন, আদিপাঠ এবং অন্যান্য শেখানো-শেখার উপকরণ প্রস্তুত করা হয়েছে। স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষিকাদের উৎসর্গিত কর্মের মাধ্যমে পরিচালিত "উল্লাস" কার্যসূচীর জন্যে ইতিমধ্যে চারটি আদিপাঠ অনলাইন মাধ্যমে, সংক্ষিপ্ত আদিপাঠ মুদ্রিত রূপে, কার্যপত্র, মূল্যায়ন সামগ্রী, দেখা ও শোনার সামগ্রী, শেখার ফলাফল সম্পর্কিত উপকরণ ইত্যাদির প্রস্তুতি ইতিমধ্যে ক্ষেত্র পর্যায়ে শিক্ষার্থীদের জন্যে ব্যবহৃত হচ্ছে। আপনাদেরকে এই কথাটি জানাতে পেরে আনন্দ লাভ করছি সে এইবার আমরা শেখানো -শেখার উৎকৃষ্ট অনুশীলনের এই সংকলন প্রস্তুত করেছি। ইতিমধ্যে এই সম্পর্কে ভারতবর্ষের চারটি রাজ্যে আঞ্চলিক সন্মেলন অনুষ্ঠিত হয়েছে । সেই সন্মেলনগুলোতে প্রদর্শিত উৎকৃষ্ট শেখানো-শেখার উপকরনগুলোকে একত্রে সংকলন করে বর্তমানে রাষ্ট্রীয় শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদে স্থাপিত রাষ্ট্রীয় সাক্ষরতা কেন্দ্রের দ্বারা প্রকাশিত হয়েছে। এই সংকলনটির মূল উৎস এবং ভাষিক উদাহরণ সমূহ অপরিবর্তিত রেখে অনুদিত রূপে অসমে অসমীয়া, বড়ো এবং বাংলাভাষায় এক একটি সংকলন প্রস্তুত করা হয়েছে। এই সংকলনটি শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীদের শেখানো-শেখার প্রক্রিয়ায় এক গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশা প্রকাশ করছি। উল্লেখ্য যে "উল্লাস" এর শিক্ষার্থীদের বয়স এবং বাস্তবিক জীবনের অভিজ্ঞতা ভিন্ন ভিন্ন। তাই এই ভিন্নতার প্রতি লক্ষ্য রেখে বিভিন্ন প্রেক্ষাপটে শেখার অভিজ্ঞতার সঞ্চয়ন করা হয়েছে। 15 বছর এবং ততোধিক বয়সের শিক্ষার্থীরা কিভাবে সহজতর পদ্ধতিতে তাদের বুনিয়াদী সাক্ষরতা এবং সাংখ্যিকতার জ্ঞান আয়ত্ত করতে পারে সেটাই হলো এই সংকলনেরে মূল অগ্রাধিকার। তাছাড়া জীবন কৌশলের বিভিন্ন প্রায়োগিক দিককে এই "উল্লাস" কার্যসূচীতে অন্তর্ভুক্ত করা হয়েছে। সেই অনুসারে এই সংকলনে জীবন কৌশলের বিষগুলোকে বিভিন্ন প্রকারে অন্তর্ভুক্ত করা হয়েছে। আশা করা হচ্ছে এই সংকলনটি আমাদের রাজ্যের "উল্লাস" এর শিক্ষার্থীদেরকে উপকৃত করবে। স্বেচ্ছাসেবী শিক্ষক-শিক্ষিকাদের নিকট একটি বিশেষ অনুরোধ - তাঁরা যাতে এই সংকলনটির ভাষিক উদাহরণ সমূহকে শিক্ষার্থীদের সুবিধা অনুসারে তর্জমা করে প্রাসংগিক উদাহরণ সংযোগ করেন। তাহলে অধিকতর ফলপ্রসূরূপে শিক্ষার্থীদের স্থান, ভাষা এবং প্রসঙ্গ ক্রমে এই উপকরণ গুলো ব্যবহার করা যাবে। পরিশেষে, "উল্লাস" কার্যসূচীর সুন্দর এবং উপযুক্ত রূপায়ন হোক এই কামনা করছি।



ড° নিরদা দেবী
সঞ্চালিকা
রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, অসম

# সূচীপত্র


## ভূমিকা 1-2

## বুনিয়াদী সাক্ষরতা 3

- ক্রিয়াকলাপ 1 ঃ শব্দের সাথে খেলি আসুন 5
- ক্রিয়াকলাপ 2 ঃ আসুন একসাথে পড়ি 8
- ক্রিয়াকলাপ 3 ঃ বর্ণ বৃক্ষ 11
- ক্রিয়াকলাপ 4 ঃ বর্ণ কার্ড মেলাও 14
- ক্রিয়াকলাপ 5 ঃ শব্দের পৃথিবী 17
- ক্রিয়াকলাপ 6 ঃ শব্দ খুঁজে বের করো 20
- ক্রিয়াকলাপ 7 ঃ ঘোরান এবং শিখুন 23
- ক্রিয়াকলাপ 8 ঃ আনন্দের সঙ্গে পড়া 26
- ক্রিয়াকলাপ 9 ঃ অক্ষর ও সংখ্যার সঙ্গে মজা 30
- ক্রিয়াকলাপ 10 ঃ ঘূর্ণন চক্র 33

## বুনিয়াদী সাংখ্যিকতা 37

- ক্রিয়াকলাপ 11 ঃ রঙ নিয়ে খেলা 39
- ক্রিয়াকলাপ 12 ঃ সংখ্যার সাথে খেলা 42
- ক্রিয়াকলাপ 13 ঃ অঙ্কের খেলা 45
- ক্রিয়াকলাপ 14 ঃ আগে এবং পরে 48
- ক্রিয়াকলাপ 15 ঃ সংখ্যা 51
- ক্রিয়াকলাপ 16 ঃ আসুন গণনা করি এবং সংখ্যা লিখি 54
- ক্রিয়াকলাপ 17 ঃ লুডো দিয়ে সংখ্যার খেলা 57
- ক্রিয়াকলাপ 18 ঃ অঙ্কের যাদু 60
- ক্রিয়াকলাপ 19 ঃ সংখ্যার মজা 63
- ক্রিয়াকলাপ 20ঃ সময়ের ধারণা 66

পরিশিষ্ট 1 71

পরিশিষ্ট 2 72

# ভূমিকা

উল্লাস, ইংরেজীতে ULLAS (Understanding of Lifelong Learning for All in Society) হলো সকলের জন্যে শিক্ষা সুনিশ্চিত করার এক গন-অংশগ্রহনের, প্রকল্প, যা 2030 সালের মধ্যে পূর্ণ সাক্ষর ভারত গড়ে তোলার লক্ষ্য নিয়ে এগিয়ে চলেছে। এই গনজাগরনের মাধ্যমে ৰপ্ত বছর বা ততোধিক বয়সের প্রতিটি নিরক্ষর ব্যক্তির জন্যে বুনিয়াদী সাক্ষরতা এবং সাংখ্যিকতা তথা অন্যান্য শিক্ষার সুযোগ সুনিশ্চিত করা হয়েছে। স্বেচ্ছাসেবী আদর্শে অনুপ্রানিত এই কার্যসূচী সমগ্র ভারতবর্ষের বহনক্ষম উন্নয়নের এক পরিচায়ক।

উল্লেখ্য, 2024 সনের 6 ফেব্রুয়ারীতে রাষ্ট্রীয় পর্যায়ে অনুষ্ঠিত উল্লাস মেলা কার্যসূচীতে অংশগ্রহন করে কেন্দ্রীয় সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী শ্রীযুক্ত ধর্মেন্দ্র প্রধান এই কার্যসূচীতে যাতে শিক্ষার্থীরা নিজেদেরকে অভিযোজিত করতে পারেন সেই অনুসারে শেখানো-শেখার পদ্ধতির ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি এই জনজাগরনে সমাজের ভূমিস্তর থেকে প্রস্তুত অভিমতকে সন্মান জানিয়ে এগিয়ে যাওয়ার আহ্বান জানান। উল্লাস শব্দটির অর্থের ন্যায় এই শিক্ষা যাতে উল্লাসপূর্ণ হয়, তাও তিনি স্মরন করিয়ে দেন। তিনি বলেন, "এক বিকশিত ভারতের জন্যে পূর্ণ সাক্ষরতা হলো প্রথম এবং মুখ্য শর্ত "। উল্লাস শুধুমাত্র একটি কার্যসূচী নয়, এটি একটি জনআন্দোলন যা অন্তর্ভুক্তি মূলক এবং অগ্রগ্রামী ভারতের আত্মাকে প্রতিফলিত করে। মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের পরামর্শ অনুযায়ী 2024-2025 সালের মধ্যে বিদ্যালয় শিক্ষা এবং সাক্ষরতা বিভাগে NCERT র সহযোগিতায় হরিয়ানা, মধ্যপ্রদেশ, অসম এবং তেলেঙ্গানা এই চারটি রাজ্যে সন্মেলনের আয়োজন করা হয়েছিলো।

এই আয়োজনের ফলস্বরূপে শেখানো-শেখার প্রক্রিয়ার উদ্ভাবনীমূলক দিকগুলোকে আধার হিসেবে নিয়ে কেন্দ্রীয়ভাবে ULLAS অর্থাৎ উল্লাস, শেখানো-শেখার সংকলন প্রস্তুত করা হয়েছিলো। এই সংকলন শিক্ষার্থী, স্বেচ্ছাসেবী শিক্ষক এবং শিক্ষাবিদদের সৃজনশীলতা এবং সহযোগিতার প্রতিফলন ঘটায়, যা ভারতের সাক্ষরতা আন্দোলনের মূল আত্মা। এই সন্মেলনসমূহ শিক্ষার্থী, নবসাক্ষর ব্যক্তি, স্বেচ্ছাসেবী শিক্ষক, রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, অসম এবং ডায়েটের অধিকারী তথা রাজ্য সাক্ষরতা অভিযানের প্রতিনিধিদেরকে একত্রিত করেছিলো, ঐক্যবদ্ধ হয়ে এগিয়ে যাবার পথ প্রদর্শন করেছিলো। এই সন্মেলনসমূহ নীচের তিনটি মূল লক্ষ্যের ওপর গুরুত্ব আরোপ করেছিলো ঃ

- শিক্ষার্থী, নবসাক্ষর ব্যক্তি,জেলা খণ্ড এবং গ্রাম পঞ্চায়েত স্তরের অংশীদারীত্বের প্রয়োজন বুঝিয়ে দেওয়া এবং উল্লাস কার্যসূচীর সবলীকরন করা।
- আঞ্চলিক বা স্থানীয় ভাষায় শেখানো -শেখার উপকরন প্রস্তুত করা।
- উল্লাসের সফল রূপায়নের জন্যে উত্তম অভ্যাস এবং পরামর্শ অন্তর্ভুক্ত করা।

প্রকৃতপক্ষে শিক্ষার্থীদের বৈচিত্র্যের প্রতি লক্ষ্য রেখে, ULLAS অনলাইন এবং অফলাইন শিক্ষাকে সমন্বয় করে একটি "হাইব্রিড" পদ্ধতি গ্রহন করেছে, যা সামাজিক সম্প্রীতি এবং স্বেচ্ছাসেবী আদর্শের উপর আধারিত।

"উল্লাস" কার্যসূচীর দ্বারা শিক্ষার্থীদেরকে জীবনকেন্দ্রিক দক্ষতায় সমৃদ্ধ করার প্রয়াস চালিয়ে যাচ্ছে যেমন, আর্থিক সাক্ষরতা, ধন সঞ্চয়, ব্যাঙ্ক একাউন্ট সাক্ষরতা, অনলাইন ব্যাঙ্কিং, ডিজিটেল পেমেন্ট ইত্যাদি এবং সহায়ক পরিষেবা সমূহে যাতে দক্ষতার সঙ্গে নিজেকে রপ্ত করে তুলতে পারে।

এই যোজনার একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো ULLAS Portal এবং ULLAS Mobile যেখানে শিক্ষার্থী এবং স্বেচ্ছাসেবী শিক্ষকদের পঞ্জীকৃত করা হয় এবং শেখানো-শেখার বিভিন্ন পদ্ধতি আপলোড করা হয়। NCERT মোট 26 টি ভাষায় এবং 117 টি স্থানীয় ভাষায় প্রাইমার প্রস্তুত করেছে। এখন পর্য্যন্ত 2.83 কোটি শিক্ষার্থী এবং 44 লাখের ও অধিক স্বেচ্ছাসেবী শিক্ষক এই ULLAS App এর মাধ্যমে পঞ্জীকৃত হয়েছেন। শিক্ষার্থীদের বুনিয়াদী সাক্ষরতা এবং সাংখ্যিকতা মূল্যায়ন পরীক্ষা (FLNAT) অগ্রগতি এর মাধ্যমে মূল্যায়ন করা হয়।

33 টি রাজ্য এবং কেন্দ্রীয়শাসিত অঞ্চলের 1.72 কোটির ও অধিক শিক্ষার্থী FLNAT পরীক্ষায় অংশগ্রহন করেছে, যা বছরে দুইবার অনুষ্ঠিত হয় এবং 2025 এর মার্চের মধ্যে সম্পন্ন হয়েছে।

শিক্ষার্থীকেন্দ্রিক Teaching Learning Materials (TLMs) হলো এর সফলতার মুখ্য উপাদান। এই উপকরণ সমূহ শিক্ষার্থী এবং স্বেচ্ছাসেবী শিক্ষকদেরকে নিজের মাতৃভাষায় প্রভাবশালী রূপে সংযোগ করতে সাহায্য করে।

ULLAS Compendium হচ্ছে শিক্ষার দ্বারা উপলব্ধ উপকরনসমূহের এমন একটি সংগ্রহ, যা রাজ্য এবং কেন্দ্রীয়শাসিত অঞ্চলের শিক্ষার্থী এবং স্বেচ্ছাসেবী শিক্ষকরা আঞ্চলিক সন্মেলনসমূহে অনুষ্ঠিত করেছেন। এই সংগ্রহ ভাষা, সংস্কৃতি এবং সামাজিক পরিবেশের বৈচিত্র্যের এক সমৃদ্ধ প্রতিফলন প্রদর্শন করে। আমাদের দৃঢ়বিশ্বাস, এই সংকলনটি শিক্ষার্থী, স্বেচ্ছাসেবী শিক্ষক, রাজ্য অধিকারী এবং অন্যান্য অংশীদারের জন্যে এক মূল্যবান এবং উপকারী সম্পদ হিসেবে পরিগণিত হবে।

ইতি

উল্লাস শেখানো-শেখার সামগ্রীর সংকলনের অনুবাদ এবং অভিযোজন সমিতি
রাজ্য সাক্ষরতা কেন্দ্র
রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, অসম

বুনিয়াদী

# সাক্ষরতা

ਜਨ ਤਕ
ਸਾਖਰ

جان جان سکشیر

लोक
साक्षर अछि

জন জন
সাক্ষৰ

ଜନ ଜନ
ସାକ୍ଷରତା

ஜன் ஜன்
எழுத்தறிவு

జన జన
సాక్షర

ஜன் ஜன்
சக்ஷர்

लोक साक्षर
आहेत

جان جان سکشیر

# जन जन साक्षर

ਜਨ ਤਕ
ਸਾਖਰ

Jan Jan
Saakshar

ஜன் ஜன்
எழுத்தறிவு

जनाः
जनाः
साक्षराः

लोक साक्षर
आहेत

लोक
साक्षर अछि


ஜன் ஜன்
சக்ஷர்

लोक साक्षर
आसात

જન જન
साक्षर

# ক্রিয়াকলাপ 1 : শব্দের সঙ্গে খেলি আসুন




12-13 - সেপ্টেম্বর 2024 তারিখে মধ্যপ্রদেশের ভোপালে অনুষ্ঠিত দ্বিতীয় আঞ্চলিক সম্মেলন ছত্তিশগড় রাজ্য কর্তৃত প্রস্তুত শেখানো শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- বিভিন্ন অক্ষরকে একসাথে মিলিয়ে শব্দ গঠনের মাধ্যমে শিক্ষার্থীদের ভাষাজ্ঞানের বিকাশ করা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড / ট্রে
- চার্ট কাগজ (সাদা / রঙিন)
- মার্কার কলম / পেন্সিল
- স্কেল বা মাপার সামগ্রী
- কাটার / কাঁচি
- স্বচ্ছ প্লাস্টিকের শীট্

## পর্যায়



চিত্র 1

**পর্যায় - 1**

- একটি কার্ডবোর্ড নিয়ে বর্গাকৃতিতে টুকরো করুন (2/2 বা 4/4 ইঞ্চি মাপে)
- কার্ডবোর্ডের আকার-আকৃতি অনুযায়ী চার্ট কাগজের টুকরোগুলোতে আঠা লাগান।
- ফ্ল্যাশকার্ড প্রস্তুত করুন (পাশের ছবিটিকে অনুসরণ করুন)




চিত্র 2

**পর্যায় - 2**

- বর্ণমালাগুলো ফ্ল্যাশকার্ডে লিখে নিন, যেমন- क, ल, म, आ, अ (ক,ল,ম,আ,অ) (ছবি 2 দেখে নিন)।




চিত্র 3

**পর্যায় - 3**

- ফ্ল্যাশকার্ডগুলো স্বচ্ছ প্লাস্টিক দিয়ে ঢেকে নিন যাতে কার্ডগুলো বেশী দিন ভালো থাকে।

## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষকরা ফ্লাশকার্ডগুলো ব্যবহার করে অর্থপূর্ণ শব্দ গঠন করার ক্রিয়াকলাপটি শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে ক্রিয়াকলাপটি আরম্ভ করবেন।
2. বর্ণগুলো মিলিয়ে মিলিয়ে ফ্ল্যাশকার্ডগুলো সাজান। সহজভাবে সাজাবেন যাতে क,ल,म (কলম) অর্থাৎ কলম শব্দটি গঠন হয়।
3. এবারে স্বেচ্ছাসেবী শিক্ষকরা শিক্ষার্থীদেরকে বিভিন্ন ফ্ল্যাশকার্ডগুলোকে মিলিয়ে মিলিয়ে বিভিন্ন শব্দ গঠন করা দেখান। নিজেদের দৈনন্দিন জীবনে ব্যাহৃত শব্দগুলো ফ্ল্যাশকার্ডের বর্ণমালা দিয়ে সাজাতে চেষ্টা করুন।
4. স্বেচ্ছাসেবী শিক্ষকরা ধীরে ধীরে শব্দগুলোকে কঠিন করতে চেষ্টা করবেন। ছোট শব্দ থেকে বড় শব্দতে যাবেন। যেমন- मलमल, साइकिल, खटमल ইত্যাদি।

5. স্বেচ্ছাসেবী শিক্ষকরা ভাষার স্বরধ্বনি বা মাত্রা ইত্যাদি ব্যবহার করবেন।
যেমন - আ- (া) 'ই' (ি), 'উ' (ু)
6. শিক্ষার্থীরা প্রথমে দুটো অক্ষরের শব্দ গঠন করবেন। তারপর ততোধিক অক্ষরের শব্দ গঠন করতে চেষ্টা করবেন। যেমন- রাত, তীর,তারা, কমরা





চিত্র 4

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- আলাদা করে থাকা অক্ষরগুলো শনাক্ত করতে পেরেছে (শেখার ফলাফল. 1 - সাক্ষরতা)।
- স্পষ্ট করে বিভিন্ন অক্ষর, শব্দ, ছোট শব্দের সারি লিখতে পেরেছে (শেখার ফলাফল 8 - সাক্ষরতা)।
- পড়া এবং লেখা দুই ধরনেই করতে পেরেছে - অক্ষর যোগ করে একটি শব্দ গঠন করতে পেরেছে। শব্দটি থেকে যোগ করা অক্ষরগুলো শনাক্ত করতে পেরেছে (শেখার ফলাফল 4 - সাক্ষরতা)।
- প্রথমত স্বেচ্ছাসেবী শিক্ষকের সাহায্য নিয়ে যোখানো একটি শব্দ বা লেখা পড়বে, তারপর ক্রমান্বয়ে কারো সাহায্য ছাড়াই পড়তে পারেব (শেখার ফলাফল 12 - সাক্ষরতা)।

# ক্রিয়াকলাপ 2 : আসুন একসাথে পড়ি




22-23 - অক্টোবর 2024 অসমের গুয়াহাটীতে অনুষ্ঠিত 3 য় আঞ্চলিক সম্মেলনে
মনিপুর কর্ত্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- অক্ষরগুলো চেনা
- অক্ষরের সঙ্গে ধ্বনির সম্পর্ক স্থাপন করা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড / শীট্
- মার্কার কলম /পেন্সিল / রং
- স্কেল
- কাটার / কাঁচি
- সেলো টেপ / ফেভিকল

# পর্যায়



চিত্র 1

**পর্যায়** - 1

- একটি চার্ট কাগজের আকারের শীট নিন (চিত্র 1 অনুযায়ী)



চিত্র 2

**পর্যায়** - 2

- চার্ট কাগজটি কার্ডবোর্ডর ওপর আঠা দিয়ে লাগান। (চিত্র 2 অনুযায়ী)

| Letters | Pictures | Words |
|---|---|---|
| आ |  | |
| ब |  | |
| प |  | |
| म |  | |
| सू |  | |

চিত্র 3

**পর্যায়** - 3

- তিনটি স্তম্ভ তৈরি করুন।
- প্রথম স্তম্ভে অক্ষর লিখুন।
- দ্বিতীয় স্তম্ভে সেই অক্ষরের সঙ্গে সম্পর্কিত ছবি আঁকুন বা লাগান (চিত্র 3 অনুযায়ী)
- উদাহরণস্বরূপ, অক্ষর ব-ছবিতে বাস, অক্ষর প-ছবিতে ঘুড়ি (পতঙ্গ), যেমন চিত্র 3 এ দেখানো হায়ছে।

| Letters | Pictures | Words |
|---|---|---|
| आ |  | आम |
| ब |  | बस |
| प |  | पतंग |
| म |  | मछली |
| सू |  | सूरज |

চিত্র 4

**পর্যায়** - 4

- ব্যবহৃত ছবিগুলোর নাম (যে শব্দগুলো ছবিকে বোঝায়) তৃতীয় কলামে লিখুন, যেমন চিত্র - 4 এ দেখানো হয়েছে। উদাহরণস্বরূপ, ম-মাছ, স-সূর্য।

## কিভাবে ব্যবহার করবেন


1. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা শুরু করবেন যে তারা কীভাবে ছবির বা চিত্রের সাহায্য শব্দগুলো চিনবে। উদাহরণস্বরূপ- আম, ঘুড়ি ইত্যাদি।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদেরকে শব্দগুলোর প্রারম্ভিক অক্ষর শনাক্ত করতে বলবেন।
3. ছবি দেখানোর সময়, তাদের মনোযোগ প্রারম্ভিক অক্ষর এবং সেই শব্দের নামের দিকে আনবেন, যাতে অক্ষরের সঙ্গে তার ধ্বনির সম্পর্ক স্থাপন করা যায়। উদাহরণস্বরূপ, বলবেন 'স' সূর্য-এর জন্যে এবং একই সঙ্গে সেই ছবির দিকে ইঙ্গিত করবেন।
4. শিক্ষার্থীদের পরবর্তী শব্দ পড়তে উৎসাহিত করবেন এবং আঙুল দিয়ে দেখিয়ে তাদের মনোযোগ সেই শব্দের ছবির দিকে আকর্ষণ করবেন।
5. স্বেচ্ছাসেবী শিক্ষক ধীরে ধীরে ক্রিয়াকলাপটি আরোও আকর্ষনীয় করতে পারেন ধ্বনিভিত্তিক অনুশীলন যোগ করে- যেমন প্রারম্ভিক অক্ষরটি শব্দের বিভিন্ন স্থানে বসানো। উদাহরণস্বরূপ, 'স' শুরুতে-সূর্য, মধ্যিখানে-আসন এবং শেষে -বাস।
6. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদেরকে আরোও কিছু শব্দ চিনতে সাহায্য করতে পারেন, যেমন বালিকা, কলম, মাছ ইত্যাদি।

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- অক্ষরের আকারের সঙ্গে তার ধ্বনির সম্পর্ক স্থাপন করতে পারবে (শেখার ফলাফল 2 - সাক্ষরতা)।
- একই সঙ্গে দুটি স্তরে পড়া ও লেখা অনুশীলন করবে- অক্ষর থেকে সম্পূর্ণ পাঠ এবং সম্পূর্ণ পাঠ থেকে অক্ষর (শেখার ফলাফল 4 - সাক্ষরতা)।
- একাধিক উপায়ে শব্দ পড়তে শিখবে - ডিকোডিং, সম্পূর্ণ শব্দ চেনা, ছবি বা প্রেক্ষাপটের ভিত্তিতে শব্দের অর্থ অনুমান করা (শেখার ফলাফল 6 - সাক্ষরতা)।
- অক্ষরগুলোকে আলাদা ভাবে এবং শব্দের মধ্যে শনাক্ত করতে পারবে (শেখার ফলাফল 1 - সাক্ষরতা)।

# ক্রিয়াকলাপ 3 : বর্ণ বৃক্ষ



17-18 ফেব্রুয়ারী, 2025 তেলেঙ্গানার হায়দ্রাবাদে অনুষ্ঠিত 4 র্থ আঞ্চলিক সম্মেলনে অন্ধ্রপ্রদেশ কর্ত্তৃক প্রস্তুত শেখানো- শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- বানান করার দক্ষতা ও শব্দ গঠনের বিকাশ সাধন

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড শীট্
- চার্ট কাগজ (সাদা / হাল্কা রঙের)
- মার্কার কলম / পেন্সিল
- স্কেল
- কাটার / কাঁচি
- সেলোফেন শীট্
- সেলোটেপ / ফেভিকল

# পর্যায়



চিত্র 1

**পর্যায়** - 1

- একটি কার্ডবোর্ড শীট্ নিন এবং সেটিকের গাছের আকৃতিতে কেটে নিন (চিত্র 1 অনুযায়ী)।



চিত্র 2

**পর্যায়** - 2

- গাছের ওপর আঠা দিয়ে রঙিন কাগজ লাগান (চিত্র 2 অনুযায়ী)।



চিত্র 3

**পর্যায়** - 3

- এবারে পাতার আকৃতির ছোটো কাগজ কেটে নিন এবং সেগুলো গাছে লাগান। পাতাগুলোর ওপর এমন অক্ষর লিখুন, সেগুলো দিয়ে শিক্ষার্থীরা আগে শেখা শব্দ তৈরি করতে পারবে (চিত্র 3 অনুযায়ী)।

## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক এই ক্রিয়াকলাপটি ব্যাখ্যা করে শিক্ষার্থীদের বোঝাবেন যে তাদের গাছের পাতায় লেখা অক্ষরগুলো শনাক্ত করতে হবে এবং সেই অক্ষরগুলো দিয়ে অর্থপূর্ণ শব্দ গঠন করতে হবে।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের গাছের পাতায় লেখা অক্ষরগুলো শনাক্ত করতে সাহায্য করবেন।
3. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের উৎসাহিত করবেন অর্থপূর্ণ শব্দ খুঁজে বের করতে, যেমন- అమ్మ (মা), ఇటుక (ইট), ఉంగరం (আংটি), కుటుంబం (পরিবার), ఇరుగు పొరుగు (প্রতিবেশী), పండుగ (উৎসব), 'అభ్యాసకుల కుటుంబ సభ్యుల ('শিক্ষার্থী'দের নিজের পরিবারের সদস্যদের নাম) , ఆవు (গরু), భోజనం (খাবার) ইত্যাদি। পাশাপাশি এই শব্দগুলো লিখে অনুশীলন করতেও বলা হবে।
4. নির্দিষ্ট কাজ সম্পূর্ণ করার পর, স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদেরকে ইতিমধ্যে শনাক্ত করা শব্দগুলো ব্যবহার করে বাক্য গঠন করতে দিয়ে জটিলতার  পর্যায়টি বৃদ্ধি করতে পারবেন। উদাহরনস্বরূপ- আমার ছোট পরিবার আছে।
5. শিক্ষার্থীরা একসঙ্গে ছন্দমিল শব্দ ও খুঁজে বের করতে পারে এবং সেগুলো দিয়ে মজার ক্রিয়াকলাপ করতে পারে। উদাহরণস্বরূপ, লটক - মটক,  জল - নল ।



চিত্র 4



চিত্র 5

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- অক্ষরগুলো আলাভাবে এবং শব্দের মধ্যে শনাক্ত করতে পারবে (শেখার ফলাফল 1 - সাক্ষরতা)।
- অক্ষর, শব্দ ও সংক্ষিপ্ত পাঠ স্পষ্ট ভাবে লিখতে পারবে (শেখার ফলাফল ৪ - সাক্ষরতা)।
- ভাষা বা পাঠে বহুল ব্যবহৃত শব্দগুলি শনাক্ত করতে পারবে (শেখার ফলাফল 9 - সাক্ষরতা)।

# ক্রিয়াকলাপ 4 : বর্ণ কার্ড মেলাও





12-18 ফেব্রুয়ারী, 2025 তেলেঙ্গানার হায়দ্রাবাদে অনুষ্ঠিত 4 আঞ্চলিক সম্মেলনে পুডুচেরী কর্ত্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি

## উদ্দেশ্য

- বর্ণগুলো শনাক্ত করা
- বর্ণ-শব্দের সম্পর্ক বুঝতে পারা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ড-বোর্ড
- চার্ট কাগজ ( সাদা / রঙিন)
- মার্কার কলম /পেন্সিল / রঙিন কলম
- কাটার / কাঁচি
- সেলোফোন শীট্ (প্লাষ্টিক)
- ফেভিকল


## পর্যায়



চিত্র-1

**পর্যায় - 1**

- চিত্র 1 এ দেখানো অনুযায়ী কার্ডবোর্ড নিন এবং তার ওপরে চার্ট কাগজটি আঠা দিয়ে লাগিয়ে নিন।



চিত্র-2

**পর্যায় - 2**


- চিত্র 2 এ দেখানো অনুযায়ী সবগুলো আকৃতি ক্রমানুসারে থাকতে হবে।




চিত্র-3

**পর্যায় - 3**

- স্বেচ্ছাসেবী শিক্ষক অর্থপূর্ণ শব্দের একটি তালিকা প্রস্তুত করবেন
- চিত্র 3 এ দেখানো অনুযায়ী একটি অংশে বর্ণগুলো লিখবেন এবং অন্য অংশে সম্পূর্ণ শব্দটি থাকবে।





চিত্র-4

**পর্যায় - 4**

- চিত্র 4 এ দেখানো অনুযায়ী প্রতিটি আলাদা বর্ণের পিছন দিকে বর্ণের সঙ্গে সম্পর্কিত প্রতিচ্ছবি আঠা দিয়ে লাগান।

## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক ক্রিয়াকলাপটি শিক্ষার্থীদেরকে ব্যাখ্যা করে বুঝিয়ে দেবেন যাতে তারা ছবিতে দেখানো বর্ণ এবং লিখিত শব্দটির সঙ্গে সম্পর্ক স্থাপন করতে পারে।
2. চিত্র- 5 -এ দেখানো অনুযায়ী স্বেচ্ছাসেবী শিক্ষক একহাতে বর্ণগুলো ধরে থাকবেন এবং শিক্ষার্থীদেরকে শব্দগুলো বেছে নিতে দেবেন যা দেখানো বর্ণ দিয়ে শুরু হয় এবং আকৃতিটি সম্পূর্ণ করে।




চিত্র 5

3. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদেরকে আকৃতিতে দেখানো বর্ণগুলো শনাক্ত করতে বলবেন।

4. শিক্ষার্থীরা তখন তার অর্থপূর্ণ শব্দটি শনাক্ত করবে এবং আকৃতিটি সম্পূর্ণ করবে।

5. যদি শিক্ষার্থীরা শব্দটি শনাক্ত করতে অসুবিধা বোধ করে, তাহলে স্বেচ্ছাসেবী শিক্ষক পিছনের প্রতিচ্ছবিটিকে একটি ইঙ্গিত হিসেবে শিক্ষার্থীদেরকে দিতে পারেন বা শব্দটির সঙ্গে জড়িত কিছু প্রশ্ন জিজ্ঞেস করে সাহায্য করতে পারেন।

6. দীর্ঘ শব্দ দিয়ে জটিলতার পর্যায় বৃদ্ধি করা যেতে পারে।

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- আলাদা করে থাকা অক্ষর একং একটি শব্দের মধ্যে থাকা অক্ষর শনাক্ত করতে পারবে (শেখার ফলাফল 1 - সাক্ষরতা)।
- দুটা পর্যায়ে পঠন এবং লেখার সঙ্গে সংযুক্ত হবে - অক্ষর থেকে সম্পূর্ণ পাঠ এবং একই সঙ্গে সম্পূর্ণ পাঠ থেকে অক্ষর (শেখার ফলাফল 4 - সাক্ষরতা)।
- প্রতিদিন বিভিন্ন বিষয়ের সঙ্গে জড়িত শব্দগুলোর মাধ্যমে পঠন এবং লেখার অন্বেষন করবে (শেখার ফলাফল 5 - সাক্ষরতা)।
- একটি শব্দ ভেঙ্গে পড়তে, সম্পূর্ণ শব্দ শনাক্ত করতে, ছবি বা বিষয়ের ওপরে নির্ভর করে অনুমান করতে একধিক উপায় ব্যবহার করবে (শেখার ফলাফল 6 - সাক্ষরতা)।

# ক্রিয়াকলাপ 5 : শব্দের পৃথিবী




12-13 সেপ্টেম্বর, 2024 মধ্যপ্রদেশের ভোপালে অনুষ্ঠিত 2 য় আঞ্চলিক সম্মেলন
মধ্যপ্রদেশ কর্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- শব্দের ক্যালেণ্ডার ব্যবহার করে পঠন দক্ষতাকে সহজতর করা
- শব্দভাণ্ডার বৃদ্ধি করা

## প্রয়োজনীয় সামগ্রী

- পুরোনো টেবিল ক্যালেণ্ডার
- চার্ট কাগজ (সাদা / রঙিন)
- মার্কার কলম / পেন্সিল
- স্কেল
- কাটার / কাঁচি
- সেলোটেপ / ফেভিকল


# পর্যায়




চিত্র 1

**পর্যায় - 1**


- একটি টেবিল ক্যালেণ্ডার  নিন এবং তাতে রঙিনচার্ট কাগজ আঠা দিয়ে লাগান, ঠিক যেভাবে চিত্র 1  -এ দেখানো  হয়েছে।



চিত্র 2

**পর্যায় - 2**


- চিত্র 2  - এ দেখানো অনুযায়ী প্রতিটি মাসের পৃষ্ঠাকে তিনটি সমান অংশে  ভাগ করুন বা কেটে  নিন।




চিত্র 3

**পর্যায় - 3**

- চিত্র 3 - এ দেখানো অনুযায়ী পৃষ্ঠার প্রতিটি অংশে বর্ণগুলো ছড়িয়ে ছিটিয়ে লিখুন যাতে এই অংশগুলো উল্টে দিয়ে বিভিন্ন শব্দ সৃষ্টি করতে পারে।




চিত্র 4

**পর্যায় - 4**

- উদাহরণস্বরূপ, বিভিন্ন অংশে লিখে রাখা ‘ক’ ‘ল’ ‘ম’ যোগ করে ‘কলম’ শব্দটির সৃষ্টি হয়। যদি শিক্ষার্থী চিত্র 4- এ দেখানো অনুযায়ী দ্বিতীয় এবং তৃতীয় অংশের ‘ম’ ‘ল’-র সঙ্গে বদল করে নেয় তাহলে ‘কমল’ একটি নতুন শব্দের সৃষ্টি হবে।

## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক অংশগুলো পাল্টে দিয়ে কিভাবে শব্দ সৃষ্টি করতে পারবেন- সেই কথা দিয়ে আরম্ভ করবেন।
2. বর্ণগুলো একসঙ্গে সংযোগ করে শব্দ সৃষ্টি করতে শিক্ষার্থীদেরকে উৎসাহিত করবেন।
3. এই কথাতে শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষন করবেন যে একটি অক্ষর অন্য একটি অক্ষরের সঙ্গে বদলে নিলেই আমরা একটি নতুন অর্থবহ শব্দ পাব।
4. এই ক্রিয়াকলাপ শিক্ষার্থীদেরকে অন্তমিল ছন্দের শব্দের সঙ্গে পরিচিত করে দেওয়ার সঙ্গে একই সময়ে শব্দগুলোর উচ্চারন বুঝতে সাহায্য করবে।
5. স্বেচ্ছাসবী শিক্ষকরা পৃষ্ঠাগুলো উল্টে দিয়ে একই বর্ণের শব্দ সৃষ্টি করতে শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করবেন।
6. অন্তমিল ছন্দ থাকা শব্দ খুঁজে নেওয়া এই ক্রিয়াকলাপের এক বর্ধিত রূপ হতে পারে। শিক্ষার্থীদেরকে প্রথম অক্ষরটি পাল্টে দিয়ে নতুন শব্দ লিখতে দেবেন, উদাহরণস্বরূপ, হম,কম,দম। (हम,कम,दम)
7. স্বেচ্ছাসেবী শিক্ষকরা আলাদা আলাদা অক্ষরের এধরনের শব্দ খুঁজে বের করতে এবং তার একটি তালিকা প্রস্তুত করতে শিক্ষার্থীদেরকে উৎসাহিত করুন। উদাহরণস্বরূপ, বন,মন,ধন,রমন,চমন (वन,मन,धन,रमन,चमन)

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- অক্ষরের আকৃতির সঙ্গে অক্ষরের ধ্বনির সম্পর্ক স্থাপন করতে শিখবে (শেখার ফলাফল 2 - সাক্ষরতা)।
- দুটো পর্যায়ে পঠন এবং লেখার সঙ্গে সংযুক্ত হবে - বর্ণ থেকে সম্পূর্ণ পাঠ পর্য্যন্ত এবং একই সময়ে সম্পূর্ণ পাঠ থেকে বর্ণ পর্য্যন্ত (শেখার ফলাফল 4 - সাক্ষরতা)।
- একটি শব্দ ভেঙ্গে পড়তে, সম্পূর্ণ শব্দটি শনাক্ত করতে, ছবি বা বিষয়ের ওপরে ভরসা করে অনুমান করতে একাধিক উপায় ব্যবহার করতে পারবে (শেখার ফলাফল 6 - সাক্ষরতা)।
- আলাদা থাকা বর্ণ বা শব্দের মধ্যে থাকা বর্ণগুলো শনাক্ত করতে পারবে (শেখার ফলাফল 1 - সাক্ষরতা)।

# ক্রিয়াকলাপ 6 : শব্দ খুঁজে বের করো






(17-18 ফেব্রুয়ারী, 2025) তেলেঙ্গানার হায়দ্রাবাদে অনুষ্ঠিত 4 র্থ আঞ্চলিক সম্মেলনে অন্ধ্রপ্রদেশ কর্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- শব্দ শনাক্তকরণ এবং বানান উন্নত করা
- বাক্য গঠনে শিক্ষার্থীদেরকে সাহায্য করা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড
- চার্ট কাগজ (সাদা /রঙিন)
- মার্কার কলম /পেন্সিল / রঙ
- কলম
- স্কেল
- কাটার / কাঁচি
- সেলোটেপ /ফেভিকল/ফেভিবণ্ড
- লাঠি
- সূতো / দড়ি
- ম্যাগনেট

# পর্যায়



চিত্র 1

**পর্যায় - 1**

- কার্ডবোর্ড এবং চার্ট কাগজটি বিভিন্ন আকৃতিতে কেটে নিন, উদাহরণস্বরূপ- চিত্র 1 -এ দেখানো অনুযায়ী মাছের চিত্র একসাথে সংলগ্ন করুন।
- প্রতিটি কার্ডবোর্ড এবং চার্ট কাগজে একটি করে শব্দ লিখুন।
- মাছের পেছনের অংশে চুম্বকের একটি টুকরো সংলগ্ন করুন।



চিত্র 2

**পর্যায় - 2**

- চিত্র 2 - এ দেখানো অনুযায়ী একটি পুকুর প্রস্তুত করার জন্যে একটি চার্ট কাগজ নিন।
- এটাকে উপবৃত্তাকারে (পুকুরের আকৃতিতে) কেটে নিন।
- কিছু নুড়িপাথর এবং উদ্ভিদ রেখে জলভাগের একটি পরিবেশ তন্ত্র সৃষ্টি করুন।




চিত্র 3

**পর্যায় - 3**

- 3 নং - চিত্রে দেখানো অনুযায়ী পুকুরে মাছ শব্দটি ছড়িয়ে ছিটিয়ে রাখুন।
- সুতো দড়ি ব্যবহার করে লাঠিটির শেষভাগে চুম্বক সংলগ্ন করুন।


## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক শুরুতে শিক্ষার্থীদেরকে বুঝিয়ে দেবেন যে তারা একটি আনন্দদায়ক খেলা খেলবেন। যেখানে ওরা মাছ ধরার লাঠি ব্যবহার করে 'পুকুর' থেকে একটি শব্দ বেছে নেবে।
2. পুকুরটিতে যথেষ্ঠ সংখ্যক মাছ (শব্দ) থাকবে এবং লক্ষ্য হবে যে শব্দগুলো শনাক্ত করে সঠিকভাবে পড়া।
3. শিক্ষার্থীদেরকে পুকুর থেকে অর্থপূর্ণ শব্দসমূহ খুঁজে এনে প্রতিটি শব্দ ভালোভাবে পড়তে উৎসাহিত করুন।
4. খেলাটির পরিচালনার বিষয়ে শিক্ষার্থীদেরকে স্পষ্টরূপে বুঝিয়ে পুকুর থেকে বিভিন্ন শব্দ দেখিয়ে কার্যকলাপ প্রদর্শন করুন।
5. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদেরকে মাছের একটি দল প্রদর্শন করবেন, যেখানে বিভিন্ন শব্দ লেখা থাকবে (ফ্ল্যাশকার্ড বা শব্দ লেখা কাগজ ব্যবহার করতে পারেন)।
6. স্বেচ্ছাসেবী শিক্ষক লাঠিটি ব্যবহার করে 'পুকুর' থেকে এক একটি 'মাছ' নির্বাচন করবেন।
7. স্বেচ্ছাসেবী শিক্ষক নির্বাচন করা শব্দগুলোর বানান উচ্চস্বরে পড়তে, লেখার চেষ্টা করতে, এবং সেই শব্দগুলোর ব্যবহার করে বাক্য রচনা করতেও বলতে পারেন। উদাহরণস্বরূপ- যদি আপনি 'পেড়' বলেন তাহলে পুকুর থেকে 'পেড়' শব্দটি বেছে নিয়ে শ্রেণীতে উচ্চস্বরে পড়ুন। ছবিতে দেখানো অনুযায়ী শিক্ষার্থীর মাতৃভাষায় এই ক্রিয়াকলাপটি ব্যবহার করা যেতে পারে।
8. যেকোনো একটি শব্দ (যেমন, 'ছাতা' বা 'কিতাব') বলুন এবং প্রত্যেক শিক্ষার্থীকে মাছ ধরাব লাঠি ব্যবহার করে 'পুকুর' থেকে উচ্চারিত শব্দটি তুলে নিতে বলুন।



চিত্র 4

9. স্বেচ্ছাসেবী শিক্ষক নিশ্চিত করবেন যে শিক্ষার্থীরা শব্দটি তুলে নেওয়ার সময় উচ্চস্বরে পড়বে।
10. যদি কোনো শিক্ষার্থী নির্বাচিত শব্দটি পড়তে অসুবিধা পায় তাহলে "এই শব্দটি আপনি বই-এ পড়তে পারেন" বা "এই শব্দটি পরিচিত শব্দ বলে মনে হয় কি?"- এইভাবে শব্দটির অক্ষর এবং ধ্বনি শনাক্ত করতে তাদেরকে উৎসাহিত করুন।
11. শিক্ষার্থীদেরকে তাদের বেছে নেওয়া শব্দগুলোর বাস্তব জীবনের পরিস্থিতির সঙ্গে সম্পর্কিত করতে উৎসাহিত করুন। উদাহরনস্বরূপ, যদি কোনো শিক্ষার্থী "রুপএ" শব্দটি বেছে নেয়, তাহলে তাদেরকে জিজ্ঞেস করুন," 20 টাকার নুন কিনতে হলে 5 টাকার কতগুলো মুদ্রার প্রয়োজন হবে?"
12. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদেরকে বেছে নেওয়া শব্দগুলোর বানান পড়তে, লেখার চেষ্টা করতে এবং সেই শব্দগুলো ব্যবহার করে বাক্য গঠন করতে বলতে পারেন।




চিত্র 5

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- কোনো একটি শব্দ পড়ার জন্যে একাধিক উপায় ব্যবহার করবে - ডিকোডিং, সম্পূর্ণ শব্দ শনাক্ত করা,ছবি বা প্রসঙ্গের ভিত্তিতে অর্থ অনুমান করা (শেখার ফলাফল 6 - সাক্ষরতা)।
- অক্ষর, ছোটো পাঠ পাঠ্য রূপে লেখা (শেখার ফলাফল 8 - সাক্ষরতা)।
- ভাষা / পাঠে বহু ব্যবহৃত শব্দগুলো শনাক্ত করা (শেখার ফলাফল 9 - সাক্ষরতা)।
- সূক্ষ্ম বিন্দুসমূহকে অন্বেষণ করে বিষয়বস্তু বা গ্রন্থকে মুখ্য করে কথোপকথনে লিপ্ত হওয়া (শেখার ফলাফল 14 - সাক্ষরতা)।

# ক্রিয়াকলাপ 7 : ঘোরান এবং শিখুন





1-2 আগস্ট, 2024 , গুরগাঁও হরিয়ানায় অনুষ্ঠিত প্রথম আঞ্চলিক সম্মেলনে রাজস্থান কর্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- অক্ষরগুলো চিনতে ও পড়তে শেখা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড
- চার্ট কাগজ (সাদা / রঙিন)
- কাটার / কাঁচি
- সেলোফোন শীট্
- বালা /থালা/প্লেট (বৃত্ত আঁকার জান্যে)
- সেলো টেপ/ফেভিকল/ফেভিস্টিক
- আইসক্রিম কাঠি
- বোতলের ঢাকনা
- সাদা স্টিকার
- মার্কার কলম

## পর্যায়



চিত্র 1

**পর্যায় - 1**

- একটি কার্ডবোর্ড নিন এবং তার ওপরে চার্ট কাগজ লাগিয়ে দিন।
- চার্ট কাগজটি গোল আকারে কেটে নিন।
- গোলাকারটিকে ছয়টি সমান ভাগে ভাগ করুন।
- গোলকারটির কেন্দ্রে একটি পাতলা আইসক্রিম কাঠি লাগান এবং সেটি থাম্বপিন বা ফিজেট স্পিনারের সাহায্যে স্থির করুন (চিত্র 1 অনুযায়ী)





চিত্র 2

**পর্যায় - 2**


- ছয়টি বোতলের ঢাকনা নিন এবং তাতে স্টিকার লাগানোর জন্যে প্রস্তুত করুন।
- আপনি যে শব্দগুলো শেখাতে চান, সেগুলোর একটি অর্থপূর্ণ তালিকা তৈরি করুন।
- মার্কার দিয়ে স্টিকারে অক্ষর লিখুন- যেখন ক,গ,ট,ন,ল,ম (চিত্র 2 অনুযায়ী)

**পর্যায় - 3**

- ছয়টি বোতলের ঢাকনা চার্টের ছয়টি ভাগে লাগান (চিত্র 3 (i) এবং 3 (ii) অনুযায়ী)।




চিত্র 3




চিত্র 4

## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক প্রথমে শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন যে আমরা বোতলের ঢাকনায় লেখা অক্ষরগুলো দিয়ে অর্থপূর্ণ শব্দ তৈরি করবো। উদাহরণস্বরূপ- ক,গ,ট,ন,ল,ম (क, ग, ट,न,ल,म) ইত্যাদি।
2. স্বেচ্ছাসেবী শিক্ষার্থীদের দুই দলে ভাগ করতে পারেন -
3. স্বেচ্ছাসেবী শিক্ষক দল 'A' - ব একজন শিক্ষার্থীকে ডাকবেন যেন সে এসে টাকা ঘোরায়। ধরা যাক, থাম্ব পিন / ফিজেট স্পিনারটি 'ল' অক্ষরে গিয়ে থামলো (চিত্র 3 (i) এবং 3 (ii) অনুযায়ী)।
4. তারপর দল 'B' র একজন শিক্ষার্থী এসে 'ল' অক্ষর দিয়ে শুরু হওয়া একটি শব্দ বলবে। উদাহরণস্বরূপ-লালন, লতা, লবন, লাঠি, লেবু ইত্যাদি।
5. এরপর দল 'B' চাকা ঘোরাবে এবং একই প্রক্রিয়ায় দল উত্তর দেবে।
6. যদি কোনো শিক্ষার্থী সঠিক উত্তর দিতে না পারে, তাহলে স্বেচ্ছাসেবী শিক্ষক কিছু ইঙ্গিত দিতে পারেন-যেমন "তোমার বন্ধুর নাম এই অক্ষর দিয়ে শুরু হয়" বা "এই রঙের নাম বলো" ইত্যাদি।
7. স্বেচ্ছাসেবী শিক্ষক এই ক্রিয়াকলাপটি আরোও আকর্ষনীয় করতে সমার্থক শব্দ বলতে পারেন। উদাহরণস্বরূপ- পানি ঃ জল / মূর্তি ঃ প্রতিমা / সূর্য ঃ রবি ইত্যাদি।
8. এই ক্রিয়াকলাপটি আরো মজাদার করার জন্যে স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে বাক্য তৈরি করাতে পারেন। যেমন- बच्चे पेड़ से लटक रहे हैं, लालटेन जलाते ही उजाला हो जाता है। 9স্বেচ্ছাসেবী শিক্ষক বোতলের ঢাকনাগুলোকে সংখ্যা দিয়েও ব্যবহার করতে পারেন এবং সংশ্লিষ্ট প্রশ্ন করতে পারেন, যেমন-
   - 46, 446, 4444 ইত্যাদিতে 4 কতবার এসেছে ?
   - এমন দশটি সংখ্যা লেখো যেমানে 6 আছে ?
10. স্বেচ্ছাসেবী শিক্ষক ঢাকনাগুলো শিক্ষার্থী দের দেখিয়ে সংখ্যাগুলোর যোগফল করতে ব. লবেন এবং তারা তা লিখবে।

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- শিক্ষার্থীরা শব্দের ভেতরে ও আলাদা ভাবে অক্ষর চিহ্নিত করতে পারবে (শেখার ফলাফল 1 - সাক্ষরতা)।
- দুটি দিক থেকে পড়া লেখার প্রক্রিয়ায় অংশগ্রহন করবে-অক্ষর থেকে পাঠ এবং পাঠ থেকে অক্ষরে (শেখার ফলাফল 4 - সাক্ষরতা))।
- নিজের জীবনের অভিজ্ঞতা ও পরিবেশের সঙ্গে সম্পর্কিত সাধারন ছাপা লেখাগুলো পড়তে এবং বুঝতে পারবে (শেখার ফলাফল 10 - সাক্ষরতা)।

# ক্রিয়াকলাপ 8 : আনন্দের সঙ্গে পড়া




1-2 আগষ্ট, 2024, গুরগাঁও হরিয়ানায় অনুষ্ঠিত প্রথম আঞ্চলিক সম্মেলনে হিমাচল প্রদেশ কর্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- ছবি দেখা পড়ার মাধ্যমে পাঠ দক্ষতা বিকাশ ও সহজতর করা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড শীট্
- চার্ট কাগজ / রঙিন কাগজ)
- মার্কার কলম / পেন্সিল
- স্কেল
- কাটার / কাঁচি
- সেলো টেপ / ফেভিকল

## পর্যায়




চিত্র 1

**পর্যায় - 1**


- একটি কার্ডবোর্ড শীট নিন এবং মোট 3×2 মাপ অনুযায়ী কাটুন (চিত্র 1 অনুযায়ী)



চিত্র 2

**পর্যায় - 2**

- একটি চার্ট কাগজ বা রঙিন কাগজ আঠা দিয়ে সোটির ওপরে লাগিয়ে নিন (চিত্র 2 অনুযায়ী)




চিত্র 3

**পর্যায় - 3**

- নোট ঃ এই পর্যায়ের আগে শিক্ষার্থীকে মাত্রা ব্যবহার করে শব্দ গঠন শেখানো উচিত।
- এরপর নীচের শব্দগুলো শীটের বামদিকে লিখতে হবে -যেমন ঃ মেঢক, পেড়, আম, দিল্লী (চিত্র 3 অনুযায়ী)




চিত্র 4

**পর্যায় - 4**

- শব্দগুলোর সঙ্গে সম্পর্কিত ছবি আঁকুন বা আঠা দিয়ে লাগান, যেগুলো বাম পাশে লেখা শব্দের সঙ্গে মিলবে (চিত্র 4 অনুযায়ী)

## কিভাবে ব্যবহার করবেন


1. স্বেচ্ছাসেবী শিক্ষক শুরুতে শিক্ষার্থীদের বোঝাবেন যে তারা অক্ষর শনাক্ত করার এবং পরিচিত শব্দ পড়ার চেষ্টা করবে। তারা ছবি বা ইমেজের সাহায্যে পড়তে পারবে।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক প্রথমে শিক্ষার্থীদের প্রস্তুত করা চার্টটি দেখাবেন।
3. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের পালা করে শব্দগুলো পড়তে বলতে পারেন। যদি কোনো শিক্ষার্থী শব্দটি পড়তে না পারে, তাহলে শিক্ষক ছবি বা ইমেজের দিকে দৃষ্টি আকর্ষন করবেন যাতে পড়া সহজ হয়।
4. যখন শিক্ষার্থীরা স্বাধীনভাবে শব্দগুলো পড়বে, তখন শিক্ষক তাদের ছন্দ মেলানো শব্দ ভাবতে বলতে পারেন। যেখন - লাল, জাল, কাল, হাল, পাল ইত্যাদি।
5. শিক্ষার্থীদের বলতে হবে যেন তারা কক্ষের ভেতরে উপস্থিত বস্তুগুলোর নাম বোর্ডে লেখে। তারপর সেগুলো দিয়ে শব্দ তৈরি করতে বলুন। যেমন - কুর্সী (চেয়ার) মেজ (টেবিল), চায় (চা), দরবাজা (দরজা) ইত্যাদি।

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- একই সঙ্গে অক্ষর থেকে শব্দ এবং শব্দ থেকে বাক্য ও পুরো পাঠ পর্য্যন্ত পড়া ও লেখা- এই দুই স্তরেই অংশগ্রহন করবে (শেখার ফলাফল 4 - সাক্ষরতা)।
- শব্দ পড়ার একাধিক উপায় শিখবে যেমন ধ্বনিগতভাবে পড়া, পুরো শব্দ চেনা, ছবি বা প্রসঙ্গ দেখে অনুমান করা (শেখার ফলাফল 6 - সাক্ষরতা)।
- স্পষ্টভাবে অক্ষর, শব্দ ও ছোট লেখা লিখতে পারবে (শেখার ফলাফল ৪ - সাক্ষরতা)।
- সাধারণ বস্তুগুলোর ছবিতে তাদের নাম লেবেল করতে পারবে প্রাইমার বা তাদের ভাষায় (শেখার ফলাফল 11 - সাক্ষরতা)।
- সহায়তার মাধ্যমে এবং ধীরে ধীরে স্বাধীনভাবে পাঠ পড়তে পারবে (শেখার ফলাফল 12 - সাক্ষরতা)।

# ক্রিয়াকলাপ 9 : অক্ষর ও সংখ্যার সঙ্গে মজা






1-2 আগষ্ট 2024 , গুরগাঁও হরিয়ানায় অনুষ্ঠিত 1 ম আঞ্চলিক সম্মেলনে রাজস্থান কর্তৃক প্রস্তুত শেখানো শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- অক্ষরগুলো শনাক্ত করা
- অক্ষরগুলোর সাহায্যে অর্থপূর্ণ শব্দ গঠন করা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড
- চার্ট কাগজ ( সাদা / রঙিন)
- কাটার / কাঁচি
- সেলোফেন শীট্
- বালা / থালা /প্লেট (গোল বৃত্ত আঁকার জন্যে)
- সেলো টেপ / ফেভিকল / ফেভিস্টিক
- মার্কার কলম


## পর্যায়



চিত্র 1

**পর্যায় 1**


- একটি কার্ডবোর্ড শীট নিন এবং তা থেকে একটি বর্গাকৃতি অংশ কেটে নিন। (চিত্র 1 অনুযায়ী)
- চার্ট কাগজটি কার্ডবোর্ড শীটের ওপরে আঠা দিয়ে লাগিয়ে দিন (চিত্র 1 অনুযায়ী)।



চিত্র 2

**পর্যায় 2**


- এর ওপর চারটি বৃত্ত আঁকুন। (চিত্র 2 অনুযায়ী)।
- তীর চিহ্ন দিয়ে বৃত্তগুলোকে সংযুক্ত করুন (চিত্র 2 অনুযায়ী)।



চিত্র 3

**পর্যায় 3**

- পুরো কার্ডবোর্ডটি সেলোফেন শীট দিয়ে ঢেকে দিন (চিত্র 3 অনুযায়ী)।




চিত্র 4


**পর্যায় 4**

- অর্থবোধক শব্দগুলোর একটি তালিকা তৈরি করুন, যেমন - केला (কলা), अनार (অমর), सड़क (রাস্তা)।
- তালিকা থেকে একটি শব্দ বেছে নিন এবং সেই শব্দটির আংশিক অক্ষরগুলো বৃত্তের মধ্যে লিখুন (চিত্র 4 অনুযায়ী)।
- শিক্ষার্থীরা প্রদত্ত অক্ষরগুলোর সাহায্যে অর্থবোধক শব্দ তৈরি করবে।

## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের বুঝিয়ে শুরু করতে পারেন যে, আমরা বৃত্তের মধ্যে লেখা অক্ষরগুলো ব্যবহার করে অর্থপূর্ণ শব্দ তৈরি করবো।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক উদাহরনস্বরূপ কয়েকটি অর্থবোধক শব্দের তালিকা প্রস্তুত করবেন -যেমন,। अमर (অমর), केला (কলা), सड़क (রাস্তা), नमक (নুন)
3. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের প্রথমে বৃত্তের মধ্যে দেখানো অক্ষরগুলো চিহ্নিত করতে বলবেন, শিক্ষার্থীরা সেই অক্ষরগুলো দিয়ে প্রদত্ত স্থানে অর্থপূর্ণ শব্দ লিখবে।

4. শিক্ষার্থীদের আরোও কিছু অক্ষর চিহ্নিত করতে বলুন এবং সেই অক্ষরগুলো দিয়ে অর্থপূর্ণ শব্দ তৈরি করে বাক্য গঠন করতে বলুন।
5. স্বেচ্ছাসেবী শিক্ষক এই ক্রিয়াকলাপটি ব্যবহার করে শিক্ষার্থীদের বিভিন্ন গানিতিক প্রক্রিয়ার ধারনা শেখাতে পারেন (চিত্র 5 অনুযায়ী)। চিত্র 5 (6+9 =15) (13+20 =30)




চিত্র 5

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- শব্দের ভিতরে ও আলাদাভাবে অক্ষরগুলো চিহ্নিত করতে পারবে (শেখার ফলাফল 1 - সাক্ষরতা)।
- দুটি স্তরে পড়া ও লেখা কার্যক্রমে যুক্ত হয় - অক্ষর থেকে সম্পূর্ণ পাঠে এবং সম্পূর্ণ পাঠ থেকে অক্ষরে, একই সঙ্গে করতে পারবে (শেখার ফলাফল 4 - সাক্ষরতা)।
- একাধিক উপায়ে শব্দ পড়তে পারবে -যেমন ডিকোড করে, পুরো শব্দ চিহ্নিত করে, ছবি বা প্রেক্ষাপটের ভিত্তিতে অনুমান করে (শেখার ফলাফল 6 - সাক্ষরতা)।
- নির্দিষ্ট অক্ষর বা ধ্বনিতে শুরু বা শেষ হয় এমন শব্দের তালিকা তৈরি করতে পারবে। (শেখার ফলাফল 7 - সাক্ষরতা)অক্ষর, শব্দ ও ছোট লেখাগুলো পরিস্কারভাবে লিখতে পারবে (শেখার ফলাফল. 8 - সাক্ষরতা)।

# ক্রিয়াকলাপ 10 : ঘূর্ণনচক্র




22-23 অক্টোবর 2024 , গুয়াহাটী অসমে অনুষ্ঠিত 3 য় আঞ্চলিক সম্মেলনে
ঝাড়খণ্ড কর্তৃক প্রস্তুত শেখানো শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- অক্ষরগুলো চিনতে শেখানো
- অক্ষর ও শব্দের সম্পর্ক বুঝতে সাহায্য করা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড
- চার্ট কাগজ (সাদা / রঙিন)
- মার্কার কলম / পেন্সিল
- কাটার / কাঁচি
- সেলোফেন শীট্
- ফেভিকল
- থাম্ব পিন / ফিজেট স্পিনার


## পর্যায়



চিত্র 1

**পর্যায় 1**


- একটি কার্ডবোর্ড নিন এবং তার ওপর চার্ট কাগজ আঠা দিয়ে লাগান (চিত্র 1 অনুযায়ী)।
- কার্ডবোর্ড থেকে দুটি একরকম গোলাকার এংশ এবং দুটি বর্গাকার অংশ কেটে নিন (চিত্র 2 অনুযায়ী)।



চিত্র 2

**পর্যায় 2**


- প্রতিটি বৃত্তকে ছয়টি ভাগে ভাগ করুন (চিত্র 2 অনুযায়ী)।




চিত্র 3

**পর্যায় 3**

- উভয় চাকার প্রতিটি ভাগে ভিন্ন ভিন্ন অক্ষর লিখুন (চিত্র 3 এবং 4 অনুযায়ী)।
- অক্ষরগুলো এখনভাবে লিখুন যাতে 'ঘর', 'নল', 'সব' ইত্যাদি অর্থপূর্ণ শব্দ তৈরি করা যায়।
- প্রয়োজনে অন্যান্য আঞ্চলিক ভাষার শব্দও ব্যবহার করা যেতে পারে ফলাফল অর্জনের জন্যে।




চিত্র 4

**পর্যায় 4**

- সমস্ত অংশ একত্রে যুক্ত করুন যাতে অর্থপূর্ণ শব্দ তৈরি হয় (চিত্র 4 অনুযায়ী)।

## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের এই ক্রিয়াকলাপটি প্রদর্শনের মাধ্যেমে পরিচয় করিয়ে দেবেন।
2. শিক্ষার্থীদের দুইটি দলে ভাগ করা হবে।
3. স্বেচ্ছাসেবী শিক্ষক প্রথম দলে থাকা একজন শিক্ষার্থীকে প্রথম চাকা ঘোরাতে বলবেন।
4. অন্য দলের একজন শিক্ষার্থী অক্ষরটি চিনে নেবে এবং পাশে থাকা চাকা ঘুরিয়ে একটি অর্থপূর্ণ শব্দ তৈরি করবে।
5. যদি শিক্ষার্থীটি সমস্যায় পড়ে, তবে স্বেচ্ছাসেবী শিক্ষক সেই অক্ষরটি ব্যবহার করে একটি ইঙ্গিত দেবেন যাতে শিক্ষার্থী শব্দটি চিহ্নিত করতে পারে। উদাহরণ ঃ ''हम.....रहते हैं'' সঠিক উত্তর ''हम अपने घर में रहते हैं'' (আমরা আমাদের ঘরে থাকি)।
6. সঠিক উত্তর দিলে স্বেচ্ছাসেবী শিক্ষক পাঁচ নম্বর দেবেন। এটি শিক্ষার্থীদের শেখার প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অংশ নিতে উৎসাহিত করবে।
7. আরোও বিস্তারিতভাবে বোঝানোর জন্যে স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীকে চিহ্নিত শব্দটি ব্যবহার করে একটি বাক্য তৈরি করতে বলতে পারেন।
8. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের মাতৃভাষা ব্যবহার করে শব্দ ও বাক্য গঠনের সুযোগ দিতে পারেন। স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের তৈরি শব্দ নিয়ে আলোচনা শুরু করতে পারেন এবং তাদের নিজেদের অভিজ্ঞতা শেয়ার করতে উৎসাহিত করতে পারেন।

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- শব্দের মধ্যে ও আলাদাভাবে অক্ষরগুলো চিনতে পারবে (শেখার ফলাফল 1 - সাক্ষরতা)।
- নির্দিষ্ট অক্ষর বা ধ্বনিতে শুরু বা শেষ হওয়া শব্দের তালিকা তৈরি করতে পারবে (শেখার ফলাফল 7 - সাক্ষরতা)।
- ভাষা বা পাঠ্যে প্রায় ব্যবহৃত শব্দগুলো চিনতে পারবে (শেখার ফলাফল 9 - সাক্ষরতা)।
- নির্দিষ্ট বিষয় বা পাঠ্য নিয়ে কথোপকথনে অংশগ্রহন করতে পারবে এবং সূক্ষ্মদিকগুলো অন্বেষন করতে পারবে (শেখার ফলাফল 14 - সাক্ষরতা)।

جان جان سکشیر

ਜਨ ਤਕ
ਸਾਖਰ

लोक
साक्षर अछि

জন জন

ଜନ ଜନ
ସାକ୍ଷରତା

ஜன் ஜன்
எழுத்தறிவு

সাক্ষৰ

జన జన
సాక్షర

ஜன் ஜன்
சக்ஷர்

लोक साक्षर
आहेत

جان جان سکشیر

# जन जन साक्षर

ਜਨ ਤਕ
ਸਾਖਰ

Jan Jan
Saakshar

ஜன் ஜன்
எழுத்தறிவு

जनाः
जनाः
साक्षराः

लोक साक्षर
आहेत

लोक
साक्षर अछि

ஜன் ஜன்
சக்ஷர்

જન જન
સાક્ષર

लोक साक्षर
आसात



বুনিয়াদী
# সাংখ্যিকতা



ਜਨ ਤਕ
ਸਾਖਰ

جان جان سکشیر

लोक
साक्षर अछि

জন জন

ଜନ ଜନ
ସାକ୍ଷରତା

ஜன் ஜன்
எழுத்தறிவு

সাক্ষৰ

జన జన
సాక్షర

ஜன் ஜன்
சக்ஷர்

लोक साक्षर
आहेत

جان جان سکشیر

# जन जन साक्षर

ਜਨ ਤਕ
ਸਾਖਰ

Jan Jan
Saakshar

ஜன் ஜன்
எழுத்தறிவு

जनाः
जनाः
साक्षराः

लोक साक्षर
आहेत

लोक
साक्षर अछि

ஜன் ஜன்
சக்ஷர்

લોક સાક્ષર
આસાત

જન જન
સાક્ષર

# ক্রিয়াকলাপ 11 : রঙ নিয়ে খেলা







12-13 সেপ্টেম্বর, 2024, মধ্যপ্রদেশের ভোপালে অনুষ্ঠিত 2 য় আঞ্চলিক সম্মেলনে মধ্যপ্রদেশ কর্তৃক প্রস্তুত শেখানো- শেখার সামগ্রীর ছবি

## উদ্দেশ্য

- সংখ্যা পড়া ও লেখা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড
- চার্ট কাগজ (সাদা / রঙিন)
- মার্কার কলম / পেন্সিল / রঙিন কলম
- কাটার / কাঁচি
- সেলোফেন শীট্
- স্কেল
- রংগোলির রঙ

# পর্যায়




চিত্র 1

**পর্যায় - 1**


- একটি বাক্স নিন (চিত্র 1 অনুযায়ী) এবং তার উপর চার্ট কাগজ আঠা দিয়ে লাগান। তারপর বাক্সটিকে তিনটি অংশে ভাগ করুন -"Numbers" (সংখ্যা), "Letters" (অক্ষর) এবং "Practice with Colours" (রঙ নিয়ে অনুশীলন)।




চিত্র 2

**পর্যায় - 2**

- কার্ডবোর্ড এবং চার্ট কাগজ বর্গাকার আকারে কাটুন। চার্ট কাগজ আঠা দিয়ে কার্ডবোর্ডে লাগিয়ে তাতে সংখ্যা লিখুন ( চিত্র - 2 অনুযায়ী)।




চিত্র 3

**পর্যায় - 3**

- "Practice with Colours" নামে অংশটিতে রংগোলির রঙ ব্যবহার করুন ( চিত্র - 3 অনুযায়ী)।


## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেৱী শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে সংখ্যা ও বর্ণ নিয়ে আলোচনা করে ক্রিয়াকলাপটি শুরু করবেন, যাতে তারা দৈনন্দিন জীবনে গনিতের ক্রিয়া, শব্দ ও বাক্য গঠনের গুরুত্ব বুঝতে পারে।
2. স্বেচ্ছাসেৱী শিক্ষক শিক্ষার্থীদের মধ্যে একজনকে সংখ্যা বাক্স থেকে একটি সংখ্যা কার্ড বের করতে বলবেন।
3. স্বেচ্ছাসেৱী শিক্ষক অন্য একজন শিক্ষার্থীকে সেই নির্দিষ্ট সংখ্যাটি শনাক্ত করতে ও পড়তে বলবেন।
4. শিক্ষার্থী সংখ্যাটি শনাক্ত করে সেটি রংগোলির রঙের ওপর লিখবে।
5. সংখ্যাটি শনাক্ত করার পরা স্বেচ্ছাসেবী শিক্ষক কঠিন সংখ্যাগুলো নিয়ে কাজের স্তর বৃদ্ধি করতে পারেন। যেমন , 58 সংখ্যাটি বেছে নিয়ে কিছু প্রশ্ন করতে পারেন, যেমন-
   - 58 এর পর কোন সংখ্যা আসে?
   - . 58 এর আগে কোন সংখ্যা আসে?
6. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের আরোও এমন কিছু সংখ্যা লিখতে বলতে পারেন, যার মধ্যে ‘4’ আছে। উদাহরণস্বরূপ - 14,44,54,64 ইত্যাদি।

## শিক্ষর্থীরা কি কি শিখলো

- শিক্ষার্থী তার দৈনন্দিন জীবনের প্রেক্ষাপটে 1 থেকে 10,000 পর্য্যন্ত সংখ্যা পড়তে ও লিখতে সক্ষম হবে (শেখার ফলাফল 1 - সাংখ্যিকতা) ।

# ক্রিয়াকলাপ 12 ঃ সংখ্যার সাথে খেলা




12-13 সেপ্টেম্বর, 2024, মধ্যপ্রদেশের ভোপালে অনুষ্ঠিত 2য় আঞ্চলিক সন্মেলনে ছত্তিশগড় কর্ত্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- সংখ্যা শনাক্ত করা, পড়া এবং সঠিকভাবে অবস্থান নির্ধারণ করা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড
- চার্ট কাগজ (সাদা / রঙিন)
- মার্কার কলম /পেন্সিল / রঙিন কলম
- স্কেল
- বিন্দি স্টিকার
- ফেভিকল/ফেভিস্টিক


## পর্যায়



চিত্র 1

**পর্যায় - 1**


- একটি বর্গাকার চার্ট কাগজ নিন এবং সেটি একটি কার্ডবোর্ডের ওপরে আঠা দিয়ে লাগিয়ে দিন। ( চিত্র - 1 অনুযায়ী)



চিত্র 2

**পর্যায় - 2**

- কার্ডবোর্ডে লাগানো চার্ট কাগজটিকে চারটি স্তম্ভে ভাগ করুন ( চিত্র - 2 অনুযায়ী)




চিত্র 3

**পর্যায় - 3**

- একপাশে 1 থেকে 5 পর্য্যন্ত সংখ্যা লিখুন এবং অন্য পাশে 6 থেকে 10 পর্য্যন্ত সংখ্যা লিখুন ( চিত্র - 3 অনুযায়ী)


## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেৱী শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে সংখ্যার ধারণা নিয়ে আলোচনা করে ক্রিয়াকলাপ শুরু করতে পারেন - যেমন, তারা দৈনন্দিন জীবনে কোথায় সংখ্যার ব্যবহার করে, সংখ্যার গুরুত্ব, বাস নম্বর কিভাবে চেনা যায়, রেল টিকিটের আসন নম্বর,ফোন নম্বর ইত্যাদি।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক ক্রিয়াকলাপটি শুরু করবেন একটি ফাঁকা দিকের উপর বিন্দি স্টিকার লাগিয়ে, যা উপরের স্তম্ভে লেখা সংখ্যার সমান হবে।
3. স্বেচ্ছাসেৱী শিক্ষক শিক্ষার্থীদের আসতে বলবেন এবং সংখ্যা গুনে পরের স্তম্ভে একই পরিমানে বিন্দি লাগতে বলবেন।
4. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের আরোও বিন্দি যোগ করতে বলতে পারেন, যাতে লিখিত সংখ্যাটি সম্পূর্ণ হয়।
5. স্বেচ্ছাসেবী শিক্ষক ধীরে ধীরে জটিলতা বাড়াতে পারেন নিম্নে উল্লেখিত ধরণের প্রশ্ন করে-
   - 5 এর আগে কোন সংখ্যা আসে?
   - . 8 এর পরে কোন সংখ্যা আসে?
6. শিক্ষার্থীদের যোগ ও বিয়োগের মতো মৌলিক গানিতিক সমস্যাগুলো সমাধান করতে বলুন। উদাহরণস্বরূপ ঃ $2 + 1 = 3$, $9 - 5 = 4$, ইত্যাদি। তাদেরকে খাতায় এসব অনুশীলন করতেও উৎসাহিত করুন।

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- তারা দৈনন্দিন জীৱনের প্রেক্ষাপটে 1 থেকে 10,000 পর্যান্ত সংখ্যা পড়তে ও লিখতে সক্ষম হবে (শেখার ফলাফল 1 - সাংখ্যিকতা)।
- তারা সমান (=), যোগ (+), বিয়োগ (–), গুণ (x), এবং ভাগ (÷) চিহ্নগুলো শনাক্ত করতে ও সঠিকভাবে ব্যবহার করতে পারবে (শেখার ফলাফল 2 - সাংখ্যিকতা)।
- যোগ, বিয়োগ, গুণ ও ভাগের গানিতিক ক্রিয়াগুলো দৈনন্দিন জীবনের প্রেক্ষাপটে প্রয়োগ করতে পারবে (শেখার ফলাফল 3 - সাংখ্যিকতা)।

# ক্রিয়াকলাপ 13 ঃ অঙ্কের খেলা




22-23 অক্টোবর, 2024 আসামের গুয়াহাটীতে অনুষ্ঠিত 3 য় আঞ্চলিক সম্মেলনে ত্রিপুরা কর্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি

## উদ্দেশ্য

- গণনা, সংখ্যা এবং সংখ্যা সংক্রান্ত ক্রিয়াকলাপ - যোগ ও বিয়োগের ধারনা গড়ে তোলা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড শীট্
- চার্ট কাগজ (সাদা / রঙিন)
- মার্কার কলম / পেন্সিল
- স্কেল
- সেলো টেপ / ফেভিকল
- রংগোলীর রং


## পর্যায়



চিত্র 1

**পর্যায় - 1**


- একটি কার্ডবোর্ড শীট্ নিন এবং তাতে একটি চার্ট কাগজ আঠা দিয়ে লাগিয়ে নিন ( চিত্র - 1 অনুযায়ী)।



চিত্র 2

**পর্যায় - 2**

- চার্ট কাগজটিকে চারটি অংশে ভাগ করুন - দুটি অংশ বস্তুর জন্যে, একটি অংশ গানিতিক চিহ্নের (যেমন + বা - ) জন্যে এবং একটি অংশ ফলাফলের জন্যে (চিত্র-2 অনুযায়ী)।




চিত্র 3

**পর্যায় - 3**

- প্রথম ও তৃতীয় অংশে বস্তুর ছবি আঁকুন।
- দ্বিতীয় অংশে যোগ বা বিয়োগের চিহ্ন ব্যবহার করুন।
- এইভাবে একটি অংশগ্রহনমূলক উপায়ে যোগ ও বিয়োগের ক্রিয়াটি শেখানো হবে (চিত্র 3 অনুযায়ী)।

## কিভাবে ব্যবহার করবেন

1. এই ক্রিয়াকলাপ শুরু করার আগে, স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের প্রদত্ত গানিতিক ক্রিয়াটি সমাধান করতে বলবেন।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের চিহ্নগুলোর (+,-) মধ্যে পার্থক্যের দিকে মনোযোগ দিতে বলতে পারেন এবং সেই অনুযায়ী বস্তুর সংখ্যা গণনা করতে বলতে পারেন।


3. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের যোগ ও বিয়োগ করতে উৎসাহিত করতে পারেন এবং প্রদত্ত স্থানে উত্তর লিখতে দিতে পারেন। উদাহরণস্বরূপ,স্বেচ্ছাসেবী শিক্ষক একপাশে 5 টি আপেল ও অন্য পাশে 3 টি আপেল রাখতে পারেন এবং মোট কতটি হয়েছে তা গণনা করতে বলতে পারেন। যেমন - 8
4. জটিলতার বা কঠিনতার স্তর বৃদ্ধি করতে, স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের আরোও বেশি বস্তু যোগ বা বিয়োগ করতে বলতে পারেন।
5. স্বেচ্ছাসেবী শিক্ষক বিভিন্ন পদ্ধতি নিয়ে আলোচনা করতে পারেন যা শিক্ষার্থীরা যোগ বা বিয়োগ করতে ব্যবহার করেছে।
6. স্বেচ্ছাসেবী শিক্ষক সংখ্যার সঙ্গে ব্যবহৃত চিহ্নগুলো অদল-বদল করেও এই ক্রিয়াকলাপটি সম্প্রসারিত করতে পারেন।

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- শিক্ষার্থীরা দৈনন্দিন জীবনের প্রেক্ষাপটে 1 থেকে 10,000 পর্যন্ত সংখ্যা পড়তে ও লিখতে পারবে (শেখার ফলাফল 1 - সাংখ্যিকতা)।
- শিক্ষার্থীরা সমান (=), যোগ (+), বিয়োগ (–), গুণ (x), ও ভাগ (÷) চিহ্ন শনাক্ত ও করতে পারবে (শেখার ফলাফল 2 - সাংখ্যিকতা)।
- দৈনন্দিন জীবনের প্রেক্ষাপটে যোগ, বিয়োগ, গুণ ও ভাগের গানিতিক ক্রিয়াগুলো প্রয়োগ করতে পারবে (শেখার ফলাফল 3 - সাংখ্যিকতা)।

# ক্রিয়াকলাপ 14 ঃ আগে এবং পরে




1-2 আগষ্ট, 2024, গুরগাঁও, হরিয়ানায় অনুষ্ঠিত 1 ম আঞ্চলিক সম্মেলনে হিমাচল প্রদেশ কর্ত্তৃক প্রস্তুত শেখানো শেখার সামগ্রীর ছবি

## উদ্দেশ্য

- সংখ্যার আগে ও পরে ধারনা গড়ে তোলা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড / শীট্
- চার্ট কাগজ (সাদা / রঙিন)
- মার্কার কলম / পেন্সিল
- দিয়াশলাইর বাক্স
- স্কেল
- কাটার / কাঁচি
- সেলো টেপ / ফেভিকল


## পর্যায়



চিত্র 1

**পর্যায় - 1**


- একটি কার্ডবোর্ড শীট্ নিন এবং ছবিতে দেখানো অনুযায়ী (চিত্র - 1) আয়তাকার আকৃতিতে কেটে নিন।



চিত্র 2

**পর্যায় - 2**


- তার ওপর একটি চার্ট কাগজ আঠা দিয়ে লাগিয়ে নিন (চিত্র - 2 অনুযায়ী)।



চিত্র 3

**পর্যায় - 3**


- দিয়াশলাই এর বাক্সগুলো নিন এবং তাদের বাইরের ও ভেতরের অংশে রঙিন কাগজ লাগান (চিত্র - 3 অনুযায়ী)।




চিত্র 4

**পর্যায় - 4**

- বাক্সের বাইরের অংশে 1 থেকে 10 পর্য্যন্ত সংখ্যা লিখুন। বাক্সের ভেতরের দিকের পিছনের অংশটিকে দুই ভাগে ভাগ করুন এবং দুটি সংখ্যা লিখুন- একটি সেই সংখ্যা যা বাইরের সংখ্যার আগে আসে এবং অন্যটি যা পরে আসে (চিত্র - 4 অনুযায়ী)।




চিত্র 5

**পর্যায় - 5**

- এখন দিয়াশলাইয়ের বাক্সগুলো বোর্ডের ওপর লাগান (চিত্র - 5 অনুযায়ী) উদাহরণস্বরূপ-যদি আপনি বাক্সের বাইরের অংশে লেখেন, তাহলে ভেতরের অংশের বাম পাশে লেখবেন 5 এর আগে আসা সংখ্যা 4 এবং ডান পাশে লেখবেন 5 এর পরে আসা সংখ্যা 6 ।


## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের থেকে 20 পর্য্যন্ত গণনা করতে বলতে পারেন এবং তাদের জিজ্ঞেস করতে পারেন- কোন  সংখ্যা আগে আসে এবং কোনটি পরে আসে।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক প্রস্তুত করা বোর্ডটি দিয়াশলাই এর বাক্সসহ শিক্ষার্থীদের দেখাতে পারেন।
3. শিক্ষার্থীদের বলা যেতে পারে একটি বাক্সের সংখ্যা পড়তে এবং  তারপর বাক্সটি বাম ও ডান দিকে ঠেলে দেখাতে, সেই সংখ্যার আগে ও পরে কোন সংখ্যা আসে।
4. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের পালা পরে  বোর্ড ব্যবহার বলে বলে  শেখাতে পারেন, কোন সংখ্যা আগে এবং কোনটি পরে আসে।
5. শুরুতে 30 থেকে 50 পর্য্যন্ত সংখ্যাগুলির আগে ও পরে শেখানো হোক, পরে ধীরে ধীরে 90 পর্য্যন্ত এবং তারপর আরো বাড়ানো যেতে পারে।
6. এছাড়াও, স্বেচ্ছাসেবী শিক্ষক এই বোর্ডটি ব্যবহার করে শিক্ষার্থীদের স্থানের মান বোঝাতে পারেন- যেমন দুটি অঙ্কের সংখ্যা 76 ভেতরের অংশে এবং একটি সংখ্যা 8 বাইরের অংশে রেখে।
7. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের তিন অঙ্কের সংখ্যা (786) পড়তে বলতে পারেন এবং একক, দশক ও শতকের স্থানের মান ব্যাখ্যা করতে পারেন।
8. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের বাক্স ব্যবহার করে স্থানের মান বলতে উৎসাহিত করতে পারেন।

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- শিক্ষার্থীরা 1 থেকে 10,000 পর্য্যন্ত সংখ্যা পড়তে ও লিখতে পারবে তাদের দৈনন্দিন জীবনের পরিপ্রেক্ষিতে (শেখার ফলাফল  1 - সাংখ্যিকতা)।
- শিক্ষার্থীরা 1 থেকে 999 পর্য্যন্ত সংখ্যার একক, দশক ও শতকের স্থানের মান বুঝতে ও ব্যবহার করতে পারবে (শেখার ফলাফল 4 - সাংখ্যিকতা)।

# ক্রিয়াকলাপ 15 ঃ সংখ্যা



1-2 আগষ্ট, 2024 গুরগাঁও, হরিয়ানায় অনুষ্ঠিত 1 ম আঞ্চলিক সম্মেলনে হিমাচল প্রদেশ কর্তৃক প্রস্তুত শেখানো শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- গানিতিক ক্রিয়া যেমন যোগ ও বিয়োগ সম্পর্কে বোঝাপড়া তৈরি করা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড শীট্
- চার্ট কাগজ ( সাদা / রঙিন)
- মার্কার কলম / পেন্সিল
- কাটার / কাঁচি
- সেলো টেপ / ফেভিকল

# পর্যায়



চিত্র 1

**পর্যায় - 1**


- একটি কার্ডবোর্ড শীট্ নিন এবং সেটিকে গাছের আকারে কেটে নিন (চিত্র - 1 অনুযায়ী)।



চিত্র 2

**পর্যায় - 2**


- রঙিন চার্ট কাগজ সেটির ওপর আঠা দিয়ে লাগিয়ে নিন (চিত্র - 2 অনুযায়ী)।




চিত্র 3

**পর্যায় - 3**

- দুটি লম্বা চার্ট কাগজের স্ট্রিপ কেটে নিন নাম্বার স্ট্রিপ তৈরি করার জন্যে। প্রতিটি স্ট্রিপে 1 থেকে 9 পর্য্যন্ত ক্রমানুসারে সংখ্যা লিখুন (চিত্র - 3 অনুযায়ী)।




চিত্র 4

**পর্যায় - 4**

- গাছের কাণ্ডে দুটি লম্বভাবে স্লট তৈরি করুন যাতে স্ট্রিপ দুটি নড়াচড়া বা স্লাইড করতে পারে। তাদের মাঝে যোগ (+), বিয়োগ (-) গুন (×) অথবা ভাগ (÷) চিহ্ন দিন। এছাড়াও, সমান (=) চিহ্ন দিন (চিত্র - 4 অনুযায়ী)। গাছের নীচের দিকে ভিন্ন রঙের চার্ট কাগজ দিয়ে একটি ছোট আয়তাকার পকেট যুক্ত করুন (চিত্র - 8 অনুযায়ী)। এই পকেটের মধ্যে ফাঁকা কার্ডরাখা হবে, যেখনে শিক্ষার্থীরা তাদের উত্তর লিখতে পারবে।

## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের কাছে সংখ্যা সংক্রান্ত আলোচনা দিয়ে ক্রিয়াকলাপটি উপস্থাপন করতে পারেন। উদাহরনস্বরূপ, স্বেচ্ছাসেবী শিক্ষক জিজ্ঞেস করতে পারেন- "তোমরা কোথায় বা কীভাবে তোমাদের দৈনন্দিন জীবনে সংখ্যা ব্যবহার করো?" আলোচনার সময় শিক্ষক যোগ, বিয়োগ ইত্যাদি মৌলিক গানিতিক ক্রিয়াগুলো এবং সেগুলো করার পদ্ধতি নিয়ে কথা বলতে পারেন।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের স্ট্রিপ দুটি নড়াতে বলবেন যাতে উভয় বাক্সে সংখ্যা দেখা যায়।
3. এরপর স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের বলবেন গাছের আয়তাকার কাটার ভেতরে প্রদর্শিত সংখ্যা ও চিহ্নগুলো শনাক্ত করতে। চিহ্নটি শনাক্ত করার পর শিক্ষার্থী যোগ বা বিয়োগ করবে এবং নিচে দেওয়া স্থানে উত্তর লেখবে ( চিত্র - 5 অনুযায়ী)।
4. স্বেচ্ছাসেবী শিক্ষক কঠিনতা বাড়াতে চাইলে তৃতীয় একটি নাম্বার স্ট্রিপ যোগ করতে পারেন।
5. যোগের পরিবর্তে স্বেচ্ছাসেবী শিক্ষক বিয়োগ, গুন বা ভাগের চিহ্ন ব্যবহার করতে পারেন।
6. এই শেখানো-শেখার সামগ্রী ব্যবহার করে অক্ষরের স্ট্রিপ থেকে অর্থপূর্ণ শব্দ (দুই বা তিন অক্ষরের) তৈরি করা যেতে পারে, যা ভাষা শিক্ষায় সংখ্যার মতোই কাজে লাগবে।





চিত্র 5

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- সমান (=),যোগ (+), বিয়োগ (-), গুন (×) এবং ভাগ (÷) চিহ্নগুলোর ব্যবহার এবং দৈনন্দিন জীবনে প্রয়োগ করতে পারবে (শেখার ফলাফল 2 - সাংখ্যিকতা)।
- যোগ, বিয়োগ, গুণ ও ভাগের গানিতিক ক্রিয়াগুলো তাদের দৈনন্দিন জীবনের পরিপ্রেক্ষিতে ব্যবহার করতে পারবে (শেখার ফলাফল 3 - সাংখ্যিকতা)।
- একক, দশক ও শতকের স্থানীয়মান বুঝবে এবং 1 থেকে 999 পর্য্যন্ত সংখ্যার ক্ষেত্রে তা প্রয়োগ করতে পারবে (শেখার ফলাফল 4 - সাংখ্যিকতা)।

# ক্রিয়াকলাপ 16 ঃ আসুন গণনা করি এবং সংখ্যা লিখি




22-23 অক্টোবর, 2024 গুয়াহাটী, অসমে অনুষ্ঠিত 3 য় আঞ্চলিক সম্মেলনে মেঘালয় কর্তৃক প্রস্তুত শেখানো শেখার সামগ্রীর ছবি

## উদ্দেশ্য

- সংখ্যা চেনার দক্ষতা বৃদ্ধি করা
- সহজ গানিতিক ক্রিয়ার ধারনা মজবুত করা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড শীট্
- চার্ট কাগজ ( সাদা / রঙিন)
- মার্কার কলম / পেন্সিল
- স্কেল
- কাটার সামগ্রী / কাঁচি
- সেলোটেপ / ফেভিকল

## পর্যায়

**পর্যায় - 1**


- একটি কার্ডবোর্ড শীট্ নিন এবং তার তার ওপর একটি চার্ট কাগজ আঠা দিয়ে লাগিয়ে নিন ( চিত্র - 1 অনুযায়ী)।



চিত্র 1

**পর্যায় - 2**


- চার্ট পেপারে মার্জিন / সীমা টানুন তারপর বড় পাপড়িওয়ালা 3 থেকে 4 টি ফুল আঁকুন ( চিত্র - 2 অনুযায়ী)।



চিত্র 2

**পর্যায় - 3**

- সমাধান করার জন্যে প্রতিটি ফুলের পাপড়িতে যোগের অঙ্ক লিখুন। উদাহরণস্বরূপ , 2 + 3, 10 + 3, ইত্যাদি ( চিত্র - 3 অনুযায়ী)।





চিত্র 3

**পর্যায় - 4**

- একই ধরণ / প্যান্টার্ন বিয়োগ, গুন ও ভাগের ক্ষেত্রেও অনুসরণ করুন। উদাহরণস্বরূপ 9 -1=...... , 6 ÷ 2........ ইত্যাদি।

## কিভাবে ব্যবহার করবেন

1. ক্রিয়াকলাপটি শুরু করার সময়, স্বেচ্ছাসেবী শিক্ষক প্রতিটি ফুলের পাপড়ি একজন শিক্ষার্থীকে দেবেন এবং তাদের ফুলের পাপড়িগুলো পর্যবেক্ষন করতে বলবেন।
2. প্রতিটি শিক্ষার্থী পাপড়িতে লেখা অঙ্কটি সমাধান করবে এবং সঠিক উত্তর নির্দিষ্ট স্থানে লেখবে।
3. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের আরোও সংখ্যা যোগ বা বিয়োগ করতে উৎসাহিত করতে পারেন যাতে ক্রিয়াকলাপটি আরোও সম্প্রসারিত হয়।
4. স্বেচ্ছাসেবী শিক্ষক বিভিন্ন পদ্ধতি নিয়ে আলোচনা করতে পারেন যেগুলির মাধ্যমে শিক্ষার্থীরা সংখ্যাগুলো যোগ করেছে।
5. স্বেচ্ছাসেবী শিক্ষক এই ক্রিয়াকলাপটি আরোও বাড়াতে পারেন-শিক্ষার্থীদের দিয়ে যোগ, বিয়োগ, গুন ও ভাগ সম্পর্কিত সমস্যা সমাধান করিয়ে, যাতে কঠিনতার স্তর বৃদ্ধি পায় (চিত্র 8 অনুযায়ী)
6. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের প্রদত্ত সংখ্যাগুলোতে স্থানীয়মান নির্ধারন করতে বলতে পারেন।




চিত্র 4

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- শিক্ষার্থীরা তাদের দৈনন্দিন জীবনের প্রেক্ষাপটে 1 থেকে 10,000 পর্য্যন্ত সংখ্যা পড়তে ও লিখতে পারবে (শেখার ফলাফল 1 - সাংখ্যিকতা)।
- একক, দশক ও শতকের স্থানীয় মান বুঝবে এবং 1 থেকে 999 পর্য্যন্ত সংখ্যার ক্ষেত্রে তা ব্যবহার করতে পারবে। (শেখার ফলাফল 2 - সাংখ্যিকতা)।

# ক্রিয়াকলাপ 17 লুডো দিয়ে সংখ্যার খেলা



12-13 সেপ্টেম্বর, 2024, ভোপাল মধ্যপ্রদেশে অনুষ্ঠিত 2য় আঞ্চলিক সম্মেলনে মহারাষ্ট্র কর্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- সংখ্যা লুডো গুটি ব্যবহার করে সংখ্যা চেনা
- গাণিতিক দক্ষতার বিকাশ করা

## প্রয়োজনীয় সামগ্রী

- কার্ডবোর্ড
- চার্ট কাগজ / রঙিন কাগজ
- মার্কার কলম /পেন্সিল
- স্কেল
- কাটার / কাঁচি
- সেলোটেপ /ফেভিকল


## পর্যায়



চিত্র 1

### পর্যায় 1


- একটি কার্ডবোর্ড শীট্ নিন এবং সেটিকে ছয়টি সমান বর্গাকার আকারে কেটে নিন (চিত্র-1 অনুযায়ী)।



চিত্র 2

### পর্যায় 2


- প্রতিটি বর্গের সামনের দিকে রঙিন কাগজ আঠা দিয়ে লাগিয়ে নিন (চিত্র-2 অনুযায়ী)।



চিত্র 3

### পর্যায় 3


- সবগুলো বর্গের দিক একত্র করে ঘূর্ণায়মান লুডোর গুটির আকারে তৈরি করুন (চিত্র-3 অনুযায়ী)।




চিত্র 4

### পর্যায় 4

- লুডোর গুটির প্রতিটি দিকের উপর বড় অক্ষরে সংখ্যা লিখুন এবং সংখ্যাগুলোকে বিন্দুর আকারেও দেখান (চিত্র-4 এবং 5 অনুযায়ী)।




চিত্র 5

## কিভাবে ব্যবহার করবেন

1. এই ক্রিয়াকলাপটি শুরু করার জন্যে, স্বেচ্ছাসেবক শিক্ষক শিক্ষার্থীদের লুডোর গুটি দেবেন এবং তাদের বলবেন যাতে তারা উভয় রূপে (সংখ্যা ও বিন্দু) সংখ্যাগুলো শনাক্ত করে।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদর সামনে সংখ্যা লিখিত লুডোর গুটি এবং বিন্দুযুক্ত লুডোর গুটি উপস্থাপন করতে পারেন এবং তাদের বলতে পারেন যেন তারা উভয়কে মিলিয়ে চিনতে পারে।
3. এই ক্রিয়াকলাপকে আরোও এগিয়ে নিতে, স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের বলতে পারেন যেন তারা লুডোর গুটি দুবার ঘুরিয়ে প্রাপ্ত সংখ্যাগুলোর যোগফল নির্ণয় করে।
4. লুডোর গুটি ব্যবহারের আরেকটি উপায় হলো শিক্ষার্থীদের 6 এবং তার চাইতে বড় কোনো সংখ্যা দেওয়া এবং তাদের পাশা ঘুরিয়ে প্রাপ্ত সংখ্যাটি দিয়ে সেই সংখ্যায় যোগ বা বিয়োগ করতে বলা।
5. সংখ্যা শনাক্ত করার পর স্বেচ্ছাসেবী শিক্ষক ধীরে ধীরে জটিলতা বৃদ্ধি করতে পারেন এমন কিছু প্রশ্ন করে, যেমন
   - 'এই সংখ্যার আগে কোন সংখ্যা আসে?' যেমন ' 8 এর আগে কোন সংখ্যা আসে?'
   - 'এই সংখ্যার পরে কোন সংখ্যা আসে?' যেমন ' 8 এর পরে কোন সংখ্যা আসে?'
6. শিক্ষার্থীদের সাহায্য করার জন্যে স্বেচ্ছাসেবী শিক্ষক আরোও একটি উদাহরণমূলক ক্রিয়াকলাপ করাতে পারেন।
7. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের তাদের দৈনন্দিন জীবনের সাথে সম্পর্কিত অর্থপূর্ণ শব্দ গঠন করতে বলতে পারেন, যদি দুই বা ততোধিক লুডোর গুটি তৈরি করা হয়। উদাহরণস্বরূপ — 'ছত' (ছাদ), চিত্র 6 এ দেখানো অনুযায়ী।
8. লুডোর গুটিগুোলকে আপনার আঞ্চলিক ভাষার অক্ষর ব্যবহার করে এমনভাবে তৈরি করুন যাতে অর্থপূর্ণ শব্দ গঠন করা যায়।





চিত্র 6

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- সমান (=), যোগ (+), বিয়োগ (-), গুণ (×) ও ভাগ (÷) চিহ্নগুলিকে শনাক্ত করতে ও দৈনন্দিন জীবনে ব্যবহার করতে পারবে (শেখার ফলাফল 2 - সাংখ্যিকতা)।
- শিক্ষার্থীরা যোগ, বিয়োগ, গুণ ও ভাগের গাণিতিক প্রক্রিয়া দৈনন্দিন জীবনের প্রেক্ষাপটে ব্যবহার করতে পারবে (শেখার ফলাফল 3 - সাংখ্যিকতা)।

# ক্রিয়াকলাপ 18 ঃ অঙ্কের যাদু






22-23 অক্টোবর, 2024 গুয়াহাটী অসমে অনুষ্ঠিত 3 য় আঞ্চলিক সম্মেলনে অসম কর্ত্তৃক প্রস্তুত শেখানো শেখার সামগ্রীর ছবি

## উদ্দেশ্য

- দিয়াশলাই কাঠি ব্যবহার করে যোগ ও বিয়োগের ধারনা বোঝা এবং তা প্রয়োগ করা
- স্থানীয়মানের ধারনা ব্যাখ্যা করা


## প্রয়োজনীয় সামগ্রী

- দিয়াশলাই কাঠি (কমপক্ষে 20-30 টি)
- খালি দিয়াশলাই বাক্স ( 5-10 টি)
- মার্কার কলম /পেন্সিল
- ছোট বোর্ড বা কাগজ

## পর্যায়

**পর্যায় - 1**

- দিয়াশলাই কাঠি এবং খালি দিয়াশলাই বাক্সগুলো পরিষ্কার করুন (চিত্র - 1 অনুযায়ী)।



চিত্র 1

**পর্যায় - 2**

- দিয়াশলাই বাক্সগুলো রঙিন কাগজ দিয়ে ঢেকে নিন। প্রতিটি বাক্সে মার্কার কলম দিয়ে সংখ্যা লিখুন (1,2,3 ইত্যাদি)। এই সংখ্যাগুলো বিভিন্ন পরিমান নির্দেশ করে (চিত্র - 2 অনুযায়ী)।




চিত্র 2

**পর্যায় - 3**


- প্রতিটি বাক্সে সংখ্যার লেবেল অনুযায়ী নির্দিষ্ট সংখ্যক দিয়াশলাই কাঠি রাখুন। উদাহরণস্বরূপ- “3” লেখা বাক্স তিনটি দিয়াশলাই কাঠি থাকবে (চিত্র - 3 অনুযায়ী)।




চিত্র 3

**পর্যায় - 4**

- একটি ছোট সাদাবোর্ড বা কাগজের টুকুরো ব্যবহার করে যোগ বা বিয়োগ প্রক্রিয়া প্রদর্শন করুন (চিত্র - 4 অনুযায়ী)।




চিত্র 4

## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক দিয়াশলাই বাক্সগুলো দেখিয়ে শিক্ষার্থীদের সঙ্গে ক্রিয়াকলাপটি শুরু করবেন।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের দুটি দিয়াশলাই বাক্স নিতে বলবেন। উদাহরণস্বরূপ-একটি বাক্সে লেখা আছে “2” এবং অন্যটিতে “3”।
3. তারপর স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের বলবেন দুটি বাক্স খুলে তাতে থাকা দিয়াশলাই কাঠিগুলো বের করে আলাদা রঙে গুনে নিতে।
4. শিক্ষার্থীকে সব দিয়াশলাই কাঠি একসঙ্গে রাখতে এবং আবার গুনে মোট সংখ্যা নির্ণয় করতে বলা হবে।

5 . স্বেচ্ছাসেবী শিক্ষক দুই অঙ্কের সমীকরন লিখতে পারেন যাতে কঠিনতার স্তর বাড়ানো যায়। $43 \times 51 =$ ? (চিত্র 5 অনুযায়ী)।




চিত্র 5

6 . স্বেচ্ছাসেবী শিক্ষক একই ক্রিয়াকলাপ বিভিন্ন সংখ্যার সঙ্গে বারে বারে করতে পারেন, যাতে শিক্ষার্থীরা ধারনাটি আরোও ভালোভাবে বুঝতে পারে।


7 . এই ক্রিয়াকলাপটিকে আরোও প্রত্যাহ্বান মূলক ও আকর্ষনীয় করতে, স্বেচ্ছাসেবী শিক্ষক দিয়াশলাই বাক্সগুলো সাজিয়ে প্রতিটি সংখ্যার স্থানীয়মান সম্পর্কে জিজ্ঞেস করতে পারেন। স্বেচ্ছাসেবী শিক্ষক মুঠোর দ্বারা স্থানীয়মান বোঝাতে চেষ্টা করতে পারেন এবং ‘বাণ্ডলিং’ বা ‘গুচ্ছ’ ধারনাটিও ব্যাখ্যা করতে পারেন। স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের 10 টি দিয়াশলাই কাঠি গুনতে বলতে পারেন এবং এই সময়ে ব্যাখ্যা করতে পারেন যে, যখন আমরা 10 টি দিয়াশলাই কাঠি একত্রে রাখি, তখন আমরা একটি রাবার ব্যাণ্ড দিয়ে তাদের বাঁধি । এই গুচ্ছটি একটি “দশক” নির্দেশ করে এবং আলাদা দিয়াশলাই কাঠিগুলো “একক” নির্দেশ করে।

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- শিক্ষার্থীরা নিজেদের দৈনন্দিন জীবনের পরিপ্রেক্ষিতে 1 থেকে 10,000 পর্য্যন্ত সংখ্যা পড়তে ও লিখতে সক্ষম হবে (শেখার ফলাফল 1 - সাংখ্যিকতা)।
- তারা দৈনন্দিন জীবনে সমান (=),যোগ (+), বিয়োগ (–), গুন (×), ও ভাগ (÷) চিহ্ন শনাক্ত করতে ও ব্যবহার করতে পারবে (শেখার ফলাফল 2 - সাংখ্যিকতা)।
- যোগ, বিয়োগ, গুন ও ভাগের গানিতিক প্রক্রিয়াগুলো দৈনন্দিন জীবনের পরিপ্রেক্ষিতে প্রয়োগ করতে পারবে (শেখার ফলাফল 3 - সাংখ্যিকতা)।
- 1 থেকে 999 পর্য্যন্ত সংখ্যার একক, দশক ও শতকের স্থানীয়মান বুঝতে ও ব্যবহার করতে পারবে (শেখার ফলাফল 4 - সাংখ্যিকতা)।

# ক্রিয়াকলাপ 19 ঃ সংখ্যার মজা




17-18 ফেব্রুৱাৰী 2025, হায়দ্রাবাদ তেলেঙ্গানায় অনুষ্ঠিত 4 র্থ আঞ্চলিক সম্মেলনে পুদুচেরী কর্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি

## উদ্দেশ্য

- স্থানীয় মানের ধারণা বোঝা

## প্রয়োজনীয় সামগ্রী

- ফাইল বোর্ড
- চার্ট কাগজ (সাদা / রঙিন)
- মার্কার কলম / পেন্সিল / রঙিন কলম
- কাটার / কাঁচি
- সেলোফেন শীট
- স্কেল

# পর্যায়

**পর্যায় 1**

- চার্ট কাগজটিকে নীচের ছবিতে (চিত্র 1) দেখানো আকারগুলোর মত করে কেটে নিন।




চিত্র 1

**পর্যায় 2**

একটি কার্ডে দুটি অংশ থাকতে হবে—


- সংখ্যা লেখার বাক্স।
- ধরার জাগায় (চিত্র- 2 অনুযায়ী)।
- তারপর সংখ্যা লেখার বাক্সে 1,2,3 ইত্যাদি যেকোনো সংখ্যা লিখুন। উদাহরণস্বরূপ- 1, 2, 3।




চিত্র 2

## কিভাবে ব্যবহার করবেন

1. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের সাথে স্থানীয়মানের ধারণা নিয়ে আলোচনা করে ক্রিয়াকলাপটির সাথে পরিচয় করিয়ে দেবেন।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক সংখ্যা কার্ড ব্যবহার করে স্থানীয়মান কীভাবে কাজ করে তা প্রদর্শন করবেন। উদাহরণস্বরূপ স্বেচ্ছাসেবী শিক্ষক 358 সংখ্যাটি দেখিয়ে জিজ্ঞেস করতে পারেন। "358 সংখ্যায় 5 এর স্থানীয়মান কত?" (চিত্র 3 অনুযায়ী ব্যাখ্যা করা যেতে পারে)
3. স্বেচ্ছাসেবী শিক্ষক সংখ্যার অবস্থান পরিবর্তন করে 2 অঙ্ক বা 3 অঙ্কের বিভিন্ন সংখ্যা তৈরি করতে পারেন।
4. স্বেচ্ছাসবী শিক্ষক শিক্ষার্থীদেরকে স্থানীয়মান শনাক্ত করতে বলতে পারেন। উদাহরণস্বরূপ— 79, 65, 231, 456 ইত্যাদি সংখ্যা দিয়ে।
5. শিক্ষক বাস্তব জীবনের উদাহরণ ব্যৱহার করে স্থানীয়মানের ধারণা ব্যাখ্যা করতে পারেন, যেমন —
   - টাকা-পয়সা ঃ ₹5 এবং ₹50 এর পার্থক্য বোঝা।
   - ফোন নম্বর ঃ সংখ্যার অৱস্থান বোঝা।
   - পরিমাপ ঃ দূরত্ব, ওজন ইত্যাদি পড়া।





চিত্র 3

## শিক্ষার্থীরা কি কি শিখলো

1. শিক্ষার্থীরা দৈনন্দিন জীৱনের প্রেক্ষাপটে 1 থেকে 10,000 পর্য্যন্ত সংখ্যা পড়তে ও লিখতে পারবে (শেখার ফলাফল 1 - সাংখ্যিকতা)।
2. শিক্ষার্থীরা 1 থেকে 999 পর্য্যন্ত সংখ্যায় একক, দশক এবং শতকের স্থানীয়মান বুঝতে ও প্রয়োগ করতে পারবে (শেখার ফলাফল 4 - সাংখ্যিকতা)।

# ক্রিয়াকলাপ 20 ঃ সময়ের ধারণা




17-18 ফেব্রুৰারী 2025, হায়দ্রাবাদ তেলেঙ্গানায় অনুষ্ঠিত 4 র্থ আঞ্চলিক সম্মেলনে তামিলনাড়ু কর্তৃক প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর ছবি


## উদ্দেশ্য

- অ্যানালগ ও ডিজিটাল ঘড়িতে সময় দেখতে শেখা
- 24 ঘন্টার ঘড়ির পদ্ধতিকে 12 ঘন্টার ঘড়ির পদ্ধতিতে রূপান্তরিত করা
- 12 ঘন্টার ঘড়ির পদ্ধতিকে 24 ঘন্টার ঘড়ির পদ্ধতিতে রূপান্তরিত করা

## প্রয়োজনীয় সামগ্রী

- হার্ডবোর্ড / কার্ডবোর্ড শীট্
- চার্ট কাগজ (সাদা/ রঙিন)
- মার্কার কলম / পেন্সিল / রঙিন কলম
- জলরঙ
- স্কেল
- কাটার / কাঁচি
- সেলোফেন শীট্ (প্লাষ্টিকের)
- সেলোটেপ / ফেভিকল / ফেভিষ্টিক
- আইসক্রীম ষ্টিক
- ডাষ্টার / তুলোর বল
- বালা / থালা / প্লেট (বৃত্ত আকার জন্যে)


# পর্যায়



চিত্র 1

**পর্যায় 1**


- চার্ট কাগজ এবং কার্ডবোর্ডের টুকরো নিন এবং সমান আকারের আয়তাকার অংশে কেটে নিন, যা বোর্ড হিসেবে ব্যবহার করা যাবে (চিত্র-1 অনুযায়ী)।



চিত্র 2

**পর্যায় 2**


- চার্ট কাগজটি কার্ডবোর্ডের ওপর আঠা দিয়ে লাগান (চিত্র-2 অনুযায়ী)।



চিত্র 3

**পর্যায় 3**

- চার্ট কাগজের ওপর একটি বৃত্ত আঁকুন এবং সেটি কেটে নিন (চিত্র-3 অনুযায়ী)।





চিত্র 4

**পর্যায় 4**

- 1 থেকে 12 পর্যন্ত সংখ্যা একই ক্রমানুসারে লিখে একটি অ্যানালগ ঘড়ি তৈরি করুন (চিত্র-4 অনুযায়ী)।

## পর্যায়



চিত্র 5

### পর্যায় 5


- আইসক্রিমের কাঠিগুলো ক্রমান্বয়ে ছোট আকারে কেটে নিন- যা ঘন্টা, মিনিট এবং সেকেণ্ডের কাঁটার প্রতীক হবে। এগুলো বৃত্তের মাঝখানে বসান। এমনভাবে সেট করুন যাতে সহজে নড়াচড়া করতে পারে। (চিত্র-5 অনুযায়ী)।



চিত্র 6

### পর্যায় 6


- কার্ডবোর্ডটি আয়তাকার আকারে কাটুন (2 ইঞ্চি x 6 ইঞ্চি, চিত্র-6 অনুযায়ী)।



চিত্র 7

### পর্যায় 7

- চার্ট কাগজ থেকে 2 ইঞ্চি x 2 ইঞ্চি আকারের একটি বর্গাকার অংশ কেটে নিন এবং সেটি আয়তাকার বোর্ডের ওপরে লাগান (চিত্র-7 অনুযায়ী)।



চিত্র 8

### পর্যায় 8

- মাঝখানে আয়তাকার আকৃতির একটি ছোট পকেট লাগান, যা ‘AM’ ও ‘PM’ নির্দেশ করবে এবং এটি স্লাইডিং (সরানো যায় এমন) আকারে তৈরি করুন (চিত্র 8 — অনুযায়ী)

### পর্যায় 9


- অ্যানালগ ঘড়ি এবং ডিজিটেল ঘড়ি কার্ডবোর্ডে যুক্ত করুন এবং তৈরি বোর্ডটি সেলোফেন শীট দিয়ে ঢেকে দিন (চিত্র 9 — অনুযায়ী)।






চিত্র 9


## কিভাবে ব্যবহার করবেন


1. স্বেচ্ছাসেবী শিক্ষক সময় সম্পর্কিত প্রশ্ন করে ক্রিয়াকলাপটি শুরু করবেন। উদাহরণস্বরূপ — 'তুমি কখন ঘুম থেকে ওঠো?', 'তুমি কখন কাজে যাও?', 'তুমি কখন দুপুরের খাবার খাও?' ইত্যাদি।
2. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের দেওয়া সময়গুলো অ্যানালগ ঘড়িতে দেখাবেন। যেমন — সকাল 5 টা, সন্ধ্যা 7 টা 30 মিনিট এবং 1 টা 15 মিনিট (যা যথাক্রমে চিত্র 9, 10, এবং 11 এ দেখানো হয়েছে)
3. স্বেচ্ছাসেবী শিক্ষক ঘন্টা, মিনিট ও সেকেণ্ডের ধারণা এবং ঘড়ির প্রতিটি কাঁটার কাজ ব্যাখ্যা করবেন।
4. স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের নির্দেশ অনুযায়ী অ্যানালগ ঘড়িতে সময় বসাতে বলবেন (চিত্র 12 এবং 13 অনুযায়ী)
5. তারপর স্বেচ্ছাসেবী শিক্ষক ঘড়ির ধারণা ব্যাখ্যা করবেন এবং দেখাবেন কীভাবে ডিজিটাল সংখ্যাগুলো (যেমন 1, 2, 3 ইত্যাদি) ঘড়িতে লেখা থাকে।
6. এবারে স্বেচ্ছাসেবী শিক্ষক শিক্ষার্থীদের বলবেন অ্যানালগ ঘড়িতে দেওয়া সময় ডিজিটাল ফরম্যাটে লিখতে (চিত্র 14 এবং 15 অনুযায়ী)।
7. স্বেচ্ছাসেবী শিক্ষক অ্যানালগ ঘড়িতে সময় নির্ধারন করবেন এবং শিক্ষার্থীদর বলবেন সেই সময়টি ডিজিটাল ঘড়ির ফরম্যাটে লিখতে এবং বিপরীতভাবে অনুশীলন করতে।
8. ক্রিয়াকলাপটিকে আরোও আকর্ষণীয় ও অংশগ্রহণমূলক করতে স্বেচ্ছাসেবী শিক্ষক একদল শিক্ষার্থীকে অ্যানালগ ঘড়িতে সময় বসাতে বলবেন এবং অন্য দলকে সেই সময়টি ডিজিটাল ফরম্যাটে লিখতে বলবেন।



চিত্র 11


চিত্র 11



চিত্র 12


চিত্র 13


চিত্র 14



চিত্র 15



চিত্র 16

## শিক্ষার্থীরা কি কি শিখলো

- অ্যানালগ ও ডিজিটাল ঘড়িতে ঘন্টা, মিনিট এবং সেকেণ্ডের ভিত্তিতে সময় পড়তে পারবে এবং সকাল, দুপুর, বিকেল, সন্ধ্যা ও রাতের পরিপ্রেক্ষিতে সময় নিয়ে আলোচনা করতে পারবে (শেখার ফলাফল 12 - সাংখ্যিকতা)।
- ঘন্টা, মিনিট ও সেকেণ্ডের মধ্যে সম্পর্ক বুঝতে পারবে (শেখার ফলাফল 13 - সাংখ্যিকতা)।
- 24 ঘন্টা ঘড়ির ফরম্যাট থেকে 12 ঘন্টা ঘড়ির ফরম্যাটে সময় রূপান্তর করতে পারবে (শেখার ফলাফল 14 সাংখ্যিকতা)।

# পরিশিষ্ট-1

## শেখার ফলাফল

## বুনিয়াদী সাক্ষরতা (ভাষা)

**শিক্ষার্থীরা ঃ**

1. অক্ষরকে আলাদাভাবে এবং শব্দের মধ্যে শনাক্ত করতে পারবে।
2. অক্ষরকে আকারের সঙ্গে তার ধ্বনির সম্পর্ক স্থাপন করতে পারবে।
3. স্বর (স্বরবর্ণ) এবং সংশ্লিষ্ট মাত্রা চিহ্নগুলি শনাক্ত করতে পারবে।
4. একই সঙ্গে দুটি পর্যায়ে অক্ষর থেকে সম্পূর্ণ পাঠ এবং সম্পূর্ণ পাঠ থেকে অক্ষর পড়া ও লেখা অনুশীলন করবে।
5. দৈনন্দিন জীবনের বিভিন্ন প্রাসঙ্গিক বিষয় নিয়ে পড়া এবং লেখা অন্বেষন করবে।
6. কোনো একটি শব্দ পড়ার জন্যে একাধিক উপায় ব্যাবহার করবে - ডিকোডিং, সম্পূর্ণ শব্দ শনাক্ত করা,ছবি বা প্রসঙ্গের ভিত্তিতে অর্থ অনুমান করা।
7. নির্দিষ্ট অক্ষর বা ধ্বনি দিয়ে শুরু বা শেষ হয় এমন শব্দগুলির তালিকা করবে।
8. অক্ষর, শব্দ ও সংক্ষিপ্ত পাঠ স্পষ্ট ভাবে লিখতে পারবে।
9. ভাষা বা পাঠে বহুল ব্যবহৃত শব্দগুলো শনাক্ত করতে পারবে।
10. পরিবেশে সাধারনভাবে মুদ্রিত পাঠ পড়ে নিজের জীবনের অভিজ্ঞতা ও পরিস্থিতির সঙ্গে সম্পর্ক স্থাপন করবে।
11. প্রাথমিক পাঠ্য বা নিজের ভাষায় সাধারণ বস্তুর ছবিগুলিতে লেবেল লাগাবে।
12. সহায়তার মাধ্যমে এবং ধীরে ধীরে স্বতন্ত্রভাবে পাঠ পড়তে পারবে।
13. কোনো পাঠের ভিত্তিতে মৌখিক বা লিখিতভাবে প্রশ্নের উত্তর দেবে (যথাযথভাবে প্রতিক্রিয়া জানাবে, মতামত প্রকাশ করবে, যুক্তি সংগত বিশ্লেষন করবে)।
14. কোনো বিষয় বা পাঠকে ঘিরে আলোচনায় অংশগ্রহন করবে এবং সূক্ষ্ম বিষয়গুলি অন্বেষন করবে।

# পরিশিষ্ট-2

# শেখার ফলাফল
## বুনিয়াদী সাংখ্যিকতা (গনিত)

**শিক্ষার্থীরা ঃ**

1. দৈনন্দিন জীবনের প্রেক্ষাপটে 1 থকে 10,000 পর্য্যন্ত সংখ্যা পড়তে ও লিখতে পারবে।
2. যোগ (+), বিয়োগ (-) গুন (×) ও ভাগ (÷) এর চিহ্নগুলো শনাক্ত করতে এবং দৈনন্দিন জীবনে ব্যবহার করতে পারবে।
3. তাদের দৈনন্দিন জীবনের প্রেক্ষাপটে যোগ, বিয়োগ গুন ও ভাগের সমস্যাগুলো সমাধান করতে পারবে।
4. একক, দশক ও শতকের স্থানীয়মান বুঝতে পারবে এবং 999 পর্য্যন্ত সংখ্যা চিনতে পারবে।
5. 1,2,5,10,20,50,100,200 এবং 500 টাকার নোট ও মুদ্রার মূল্য ও পরিমান অনুযায়ী চিনতে পারবে।
6. তাদের দৈনন্দিন জীবনে অর্থের লেনদেন করতে পারবে, যেমন জিনিষ কেনা-বেচা।
7. দৈনন্দিন জীবনের প্রেক্ষাপটে বিভিন্ন বস্তু, স্থান ইত্যাদির আলাদা আলাদা অংশে ভাগ করতে শিখবে। তারপর এক-চতুর্থাংশ, অর্ধেক, তিন-চতুর্থাংশ, ইত্যাদি ভগ্নাংশের ধারনা আয়ত্ব করবে।
8. দেওয়া অংশের ভিত্তিতে এক-চতুর্থাংশ এবং তিন-চতুর্থাংশের ভগ্নাংশ প্রকাশ করতে পারবে।
9. দ্বি-মাত্রিক আকৃতি যেমন ত্রিভুজ, বর্গ, বৃত্ত এবং ত্রি-মাত্রিক আকৃতি যেমন গোলক, চুঙাকৃতি, শংকু, ঘনক, আয়তীয় ঘনক ইত্যাদির বিষয়ে আলোচনা করবে এবং এই আকৃতিগুলোর বৈশিষ্ট্য এবং দৈনন্দিন জীবনে তাদের প্রাসংগিকতার বিষয়ে আলোচনা করবে।
10. আকৃতি এবং সংখ্যার বিভিন্ন ধরণগুলো শনাক্ত, তৈরী ও ব্যাখ্যা করতে শিখবে।
11. দৈর্ঘ্য, ওজন, ধারণক্ষমতা / আয়তন প্রচলিত ও অপ্রচলিত এককে মাপতে শিখবে এবং এই একক গুলোর মধ্যের সম্পর্ক বিচার করবে।
12. ঘড়ির কাঁটা দেখে সময় বুঝতে শিখবে - অ্যানালগ এবং ডিজিটেল ঘড়ি উভয়েই- এবং সকাল, বিকেল, সন্ধ্যা ও রাতের প্রেক্ষাপটে সময় আলোচনা করবে।
13. ঘন্টা,মিনিট ও সেকেণ্ডের মধ্যে সম্পর্ক আলোচনা করবে।
14. 24 ঘন্টার ঘড়ির পদ্ধতি থেকে 12 ঘন্টার ঘড়ির পদ্ধতিতে সময় রূপান্তর করতে পারবে।
15. সপ্তাহের দিন, বছরের মাস এবং বিশেষ উৎসবের দিনগুলোকে চিহ্নিত করতে ও চিনতে পারবে এবং দৈনন্দিন জীবনের প্রেক্ষাপটে এই ক্যালেণ্ডারের ব্যবহার শিখবে।

উল্লাস
ULLAS
নব ভারত সাক্ষরতা কার্যসূচী
জন জন সাক্ষর

# আঞ্চলিক সম্মেলন সমূহের এক ঝলক

1-2 আগষ্ট 2024 | গুরুগ্রাম, হরিয়ানা
















অংশগ্রহণকারী রাজ্য/কেন্দ্রীয় শাসিত অঞ্চল সমূহের দ্বারা প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর বিকাশ সাধন ও প্রদর্শন

জন জন সাক্ষর

উল্লাস
ULLAS
নব ভারত সাক্ষরতা কার্যসূচী

# ভোপাল, মধ্যপ্রদেশ

12-13 সেপ্টেম্বর 2024
















অংশগ্রহণকারী রাজ্য/কেন্দ্রীয় শাসিত অঞ্চল সমূহের দ্বারা প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর বিকাশ সাধন ও প্রদর্শন

উল্লাস
ULLAS
নব ভারত সাক্ষরতা কার্যসূচী

# গুয়াহাটী, অসম

22-23 অক্টোবর 2024














অংশগ্ৰহণকারী রাজ্য/কেন্দ্রীয় শাসিত অঞ্চল সমূহের দ্বারা প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর বিকাশ সাধন ও প্রদর্শন

উল্লাস
ULLAS
নব ভারত সাক্ষরতা কার্যসূচী

# হায়দ্রাবাদ, তেলেঙ্গানা

17-18 ফেব্রুৱারী 2025
















অংশগ্রহণকারী রাজ্য/কেন্দ্রীয় শাসিত অঞ্চল সমূহের দ্বারা প্রস্তুত শেখানো-শেখার সামগ্রীর বিকাশ সাধন ও প্রদর্শন

উল্লাস
ULLAS
নব ভারত সাক্ষরতা কার্যসূচী

জন জন সাক্ষর

রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, অসম